কবিকণ্ঠ ও কলের গান

সন্তোষকুমার দে

VISVA-BHARATI
364633

গবেষণা প্রকাশন বিভাগ
বিশ্বভারতী। শান্তিনিকেতন

প্রকাশ : চৈত্র ১৩৯৯, মার্চ ১৯৯৩

প্রচ্ছদ : শমীন্দ্র ভৌমিক

মূল্য : একশত টাকা

প্রকাশক : সুব্রত চক্রবর্তী
গবেষণা প্রকাশন বিভাগ
বিশ্বভারতী । শান্তিনিকেতন

মুদ্রক : এস. মনসুর ।
সানি এন্টারপ্রাইজ
২, বেনেপুকুর লেন । কলিকাতা ১৪

নিবেদন

কাব্যকলা বা চিত্রকলা দুটি ব্যক্তিকে লইয়া। যে মানুষ রচনা করে আর যে মানুষ ভোগ করে। গীতিকলায় আরো একজন প্রবেশ করিয়াছে। রচয়িতা এবং শ্রোতার মাঝখানে আছে ওস্তাদ। মধ্যস্থ পদার্থটা বিন্ধ্য পর্বতের মতো বাধাও হইতে পারে আবার সুয়েজ ক্যানালের মতো সুযোগও হইতে পারে। —সংগীতের মুক্তি. রবীন্দ্ররচনাবলী

(শতবর্ষ সংস্করণ, পশ্চিমবঙ্গ সরকার) ১৪ : ৮৯২

কণ্ঠ দিয়ে সাধনার ফসল সাধারণে ছড়িয়ে দেওয়ার ধারা সুপ্রাচীন। বোধহয় এ কারণেই শব্দকে ব্রহ্ম বলে জেনে এসেছে ভারতবর্ষ। তবে শব্দের সঙ্গে সুরের মূর্ছনার সংগম না হলে শব্দ যেমন তার মহিমা হারিয়ে ফেলে, সুরও তেমনি তার নিজস্ব আবর্তনে গতিমাধুর্য চ্যুত হয়। যাঁরা শব্দের জগৎ ও সুরের জগৎ আলাদা আলাদা করে দেখতে চান তাঁরা এই দুই জগতের সীমা এবং সংযোগ নিয়ে বিব্রত বোধ করেন না। গানের মূর্তি তখনই অক্ষুণ্ণ অক্লান্ত হয়ে দেখা দিতে পারে যখন 'কণ্ঠস্বরের বিচিত্র তরঙ্গলীলা' সুরের উচ্চনীচতায় অক্লেশে স্বমহিমায় ভাব প্রকাশ করে।

গীতরচয়িতা তাঁর সৃষ্টিকে ভাব কণ্ঠ সুর এই তিনটির যুক্তধারায় পরিপূর্ণ হয়ে তার প্রকাশ দেখতে চান। কিন্তু যিনি কেবলমাত্র গীতরচয়িতা, গায়ক নন, তাঁকে তাঁর সৃষ্টির প্রকাশের জন্য দ্বিতীয় ব্যক্তির সাহায্য—ওস্তাদ বা গায়কের ওপর নির্ভর করতে হয়। সংগীতের মুক্তিতে এই মধ্যস্থ পদার্থটি রবীন্দ্রনাথের ভাষায় বিন্ধ্য পর্বতের মতো বাধা অথবা সুয়েজ ক্যানালের মতো সুযোগ এই দুটির কোনো একটি হয়ে দণ্ডায়মান বা প্রবহমান হয়ে উঠতে পারে।

কবিতার সহচর সংগীত, শাস্ত্রের লৌহকারায় বন্দী হয় এই অভিপ্রায় রবীন্দ্রনাথ চিরকাল পরিহার করে এসেছেন। যাঁর শেষ পারানির কড়ি গান, সেই গান যদি স্বমহিমায় প্রকাশ না পায় তাকে কী করে কবি স্বীকার করতে পারেন, সাধুবাদ দিতে পারেন। তাই কবি তাঁর সৃষ্টির বড়ো সম্পদ গানকে নিজ কণ্ঠে নিয়ে নিজের সৃষ্টিকে ভাবকণ্ঠসুরের ত্রিবেণী ধারায় প্রকাশ করে ভবিষ্যতের জন্য প্রতিষ্ঠিত করে গেছেন। যিনি জাতিকে এক পরিপূর্ণ মানবিকতার লক্ষ্যে উপনীত করেছেন তাঁর কণ্ঠ কেমন করে মানুষকে আহ্বান করেছে, অনুপ্রাণিত করেছে, সংকট বেদনা ভয় ভেঙে মানুষকে সত্য বিমূর্ত হতে বলেছে, ভাবীকাল যে তাকে শুনতে চাইবে, জানতে চাইবে তাতে সন্দেহের অবকাশ নেই।

যে সৃষ্টি মহান তা চিরস্মরণীয়। কালিদাস ভবভূতি ভারবি সেকস্‌পিয়র গ্যেটে দান্তে—যন্ত্রের আবিষ্কারে যাঁদের কণ্ঠ ভবিষ্যতের জন্য ধরে রাখা যায় নি, সমগ্র মানবজাতির পক্ষে তা বেদনাদায়ক। আধুনিক যন্ত্রযুগের নানা যন্ত্রণার মধ্যে আমাদের অন্যতম আনন্দ, যন্ত্র দিয়ে এক মহান কবির কণ্ঠকে ভাবী কালের জন্য ধরে রাখা সম্ভব হয়েছে। যে কবির গানকে আমাদের গাইতেই হবে তাঁর স্বকণ্ঠে এবং অন্যকণ্ঠেও যে তাঁর গানকে সিলিন্ডার, ডিস্‌ক, ক্যাসেটে ধরে রাখা সম্ভব হয়েছে তা ভাবী কালের দুর্লভ সৌভাগ্য।

'কবিকণ্ঠে'র মতো 'কবিকণ্ঠ ও কলের গান'—গবেষক ও সাধারণে সমাদৃত হবে এই আশা আমরা পোষণ করি।

সুব্রত চক্রবর্তী
সম্পাদক
গবেষণা প্রকাশন বিভাগ
বিশ্বভারতী

শান্তিনিকেতন
২৩ আগষ্ট ১৯৯২

উৎসর্গ

যিনি তাঁর 'রবীন্দ্রসংগীত কোষ' সংকলন কালে
'কবিকণ্ঠ' গ্রন্থখানিকে সর্বপ্রথম স্বীকৃতি দিয়েছিলেন
সেই রবীন্দ্রসংগীতে নিবেদিতপ্রাণ মহৎ শিল্পী

শ্রীমতী সুচিত্রা মিত্রের

করকমলে

সশ্রদ্ধ উৎসর্গ

সন্তোষকুমার দে

২৫শে বৈশাখ, ১৪০০

বিষয়সূচী

প্রাক্ কথন ১

কবিকণ্ঠ ১১

রেকর্ডে কবিকণ্ঠ ৫১

টেপে কবিকণ্ঠ ৫৪

কলের গান ৫৬

পরিশিষ্ট—কবির চুক্তিপত্র ৯৯

উপাচার্য সুধীরঞ্জন দাসের পত্র ১০২

প্রবোধচন্দ্র সেনের ভূমিকাংশ ১০৩

আকাশবাণী ও কবিকণ্ঠের রেকর্ড ১০৭

প্রবন্ধপঞ্জী ১১৬, ১১৭

অভিমত ১১৮

চপলাকান্ত ভট্টাচার্য, প্রভাতকুমার মুখোপাধ্যায়, পুলিনবিহারী সেন, রাজ্যেশ্বর মিত্র, প্রাণতোষ ঘটক, অমৃতবাজার পত্রিকা, জরাসন্ধ, অমিতাভ ঘোষ

রেকর্ডে কবিবন্দনা ১৩২

জে. ওয়াটসন হডের পত্র ১৩৩

সহায়ক গ্রন্থসমূহ ১৩৬

সিলিন্ডার, ডিস্ক ও ক্যাসেটে রবীন্দ্রসংগীত ১৩৭

সংযোজন- এইচ এম ভি ৩১৩

রবীন্দ্র কাব্য আবৃত্তি ৩৩২

রূপান্তরী ৩৩৫

রবীন্দ্রগীতিনাট্য ৩৩৭

হিন্দুস্থান ক্যাসেটে রবীন্দ্র রচনা ৩৩৮

মেগাফোন ক্যাসেটে রবীন্দ্র রচনা ৩৪৫

গাথানি ক্যাসেটে রবীন্দ্র রচনা ৩৪৭

সাউন্ড উইং ক্যাসেটে রবীন্দ্র রচনা ৩৪৯

সোনেকস ক্যাসেটে রবীন্দ্র রচনা ৩৬৮

পরিচয় ও সি.বি.এস. ক্যাসেটে রবীন্দ্র রচনা ৩৬৯

রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠ ক্যাসেটে রবীন্দ্র রচনা ৩৭০

বাংলাদেশের বীদ্যাপীঠ ক্যাসেটে রবীন্দ্র রচনা ৩৭১

নির্দেশিকা ৩৭৯

চিত্রসূচী

রবীন্দ্রনাথ প্রবেশক

কবিকণ্ঠে বন্দেমাতরম গানের রেকর্ড লেবেল

গ্রামোফোন কোম্পানীর দমদম কারখানায় রবীন্দ্রনাথ

কবির সঙ্গে চুক্তিপত্র

কবির সঙ্গে চুক্তিপত্র

হিন্দুস্থান মিউজিক্যাল প্রোডাক্টস-এর পরিদর্শকের খাতায় কবির মন্তব্য

এডিসনের তৈরী সিলিণ্ডার রেকর্ড

উপাচার্য সুধীরঞ্জন দাসের পত্র

পুলিনবিহারী সেনের পত্র

এডমন্ড ট্রেভর উইলিয়াম্‌স্‌ এবং উইলিয়াম ব্যারি ওয়েন

ভারতে তৈরী প্রথম রেকর্ডের লেবেল

ভারতে তৈরী প্রথম ভারতীয় রেকর্ডের লেবেল

বেলেঘাটায় প্রতিষ্ঠিত প্রথম গ্রামোফোনের কারখানা

রবীন্দ্র রচনা সংরক্ষণে অগ্রণী চার জন

এইচ. বোসের রেকর্ড ক্যাটালগ

কার্‌ এণ্ড মহলানবিশের রেকর্ড ক্যাটালগ

কবিস্মৃতিপূত ফোনোগ্রাফের ভগ্নাবশেষ

ওডিঅন রেকর্ডে রবীন্দ্রসংগীত

ফ্রানসিস ব্যরড অঙ্কিত আদি 'হিজ মাস্টার্স ভয়েস' চিত্র

চেয়ারম্যান স্যার যোশেফ লকউডের সঙ্গে...

পণ্ডিত রবিশঙ্কর ও আলি আকবরের সর্বপ্রথম যুগলবন্দী রেকর্ডিং

আরনলড্‌ বাকে/লণ্ডনে ঈ.এম.আই. হাউসে লেখক

প্রাচীন ফোনোগ্রাফ যন্ত্র/গ্রামোফোন মেসিন

জার্মানি হতে প্রাপ্ত পত্র

রেকর্ডিং আসরে গহরজান

জে.ওয়াটশন হড সাহেবের পত্র

"পেয়েছিলুম বটে একটা গলার মত গলা। ... তখন মধ্যমে ধরে ছেড়ে দিতুম সুর, পাখির মত সে উড়ে চলত সুরের ধাপে ধাপে, পর্দায় পর্দায়।" —রবীন্দ্রনাথ

প্রতিমা দেবীর স্মৃতিকথা, মাসিক বসুমতী।

প্রাক্‌কথন

'বাঙালীর সমস্ত মনের কথা সংগৃহীত হয়ে ভাষা পেয়েছে রবীন্দ্রসংগীতে। যদি একখানি মাত্র বাংলা গ্রন্থ রেখে আর সমস্ত বর্জন করবার অভিশাপ দেয় রুষ্ট নিয়তি, তবে আমি অশঙ্ক চিত্তে গ্রহণ করি 'গীতবিতান' গ্রন্থখানি, যেখানে নাকি রবীন্দ্র-কাব্য-প্রতিভার উত্তুঙ্গতম শিখর। সেখানে উঠে দাঁড়ালে এমন দিগন্ত, এমন আকাশ, এমন নক্ষত্রপুঞ্জ দেখতে পাওয়া যায় সমতল যার খবর রাখে না। ঐ শিখর বুঝি মানব মনের কাঞ্চনজঙ্ঘা।'—বলেছেন শ্রীকমলাকান্ত শর্মারূপী রবীন্দ্র-স্নেহধন্য প্রমথনাথ বিশী। (কমলাকান্তের আসর, আনন্দবাজার পত্রিকা, ২৫ বৈশাখ, ১৩৭৩)

বাঙালীর সেই সেরা সম্পদ রবীন্দ্রসংগীতের সেরা কারবারি 'হিজ মাস্টার্স ভয়েস' রেকর্ডের প্রচার দপ্তরে দীর্ঘ তিরিশ বছর (১৯৪৮-১৯৭৭) কাটাবার দুর্লভ সুযোগ পেয়েছিলাম। আর ১৯৩৯ থেকে বিখ্যাত সাহিত্যসভা 'রবিবাসর'-এর সঙ্গে নিবিড় সংযোগ ঘটে,—যে রবিবাসরে রবীন্দ্রনাথই ছিলেন 'অধিনায়ক'। এই দুই প্রতিষ্ঠানের অভিজ্ঞতায় লিখেছিলাম-'রবিবাসরে রবীন্দ্রনাথ' (১৯৬১), 'কবিকণ্ঠ' (১৯৬৩) এবং 'রবিবাসরের আসরে' (১৯৮৯)। আর রবিবাসরের বার্ষিক সংকলন গ্রন্থের ২৪টি খণ্ড (১৯৬৯-১৯৯২) সম্পাদনার কাজটিও করবার সুযোগ পেয়েছিলাম। ১৯৯০-এ বেরোয় আমার *Gramophone in India* নামক গ্রন্থ।

'কবিকণ্ঠ' গ্রন্থখানি বহুদিন দুষ্প্রাপ্য হওয়ায় রবীন্দ্রানুরাগী বিশিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠান হতে তা পুনর্মুদ্রণের অনুরোধ এসেছিল। কিন্তু গ্রন্থখানিকে যে ভাবে নব কলেবর দেবার প্রয়োজন অনুভব করেছিলাম, সময়াভাবে তা করে উঠতে পারি নি। এখন আমার বয়স ৭৭ বছর, শরীর জীর্ণ, দৃষ্টি ক্ষীণ। এখনও এ কাজটি করে না গেলে আর করাই হবে না বিবেচনা করে নানা অসুবিধার মধ্যেও অগ্রসর হয়েছি।

'কবিকণ্ঠ' লেখার সময় মনে হয়েছিল, আমাদের বহু সৌভাগ্য যে কবির নিজকণ্ঠে গাওয়া 'বন্দে মাতরম্' গান ও বেশ কিছু সংখ্যক গান, আবৃত্তি ও বক্তৃতার রেকর্ড আছে। কিন্তু পরে অনুভব হয়েছে, যা আছে রবীন্দ্র-সৃষ্টির তুলনায় তা কতটুকু ?

এই প্রসঙ্গে মনে পড়ে, কবির দীর্ঘদিনের অন্তরঙ্গ বন্ধু, প্রায় সমবয়সী রামানন্দ চট্টোপাধ্যায় কবির মহাপ্রয়াণের পরে কলেজ স্কোয়ারে স্টুডেন্টস হলে অনুষ্ঠিত এক সভায় বলেছিলেন, পরে ভাদ্র, ১৩৪৮ সংখ্যার প্রবাসীতে 'রবীন্দ্রনাথ ঠাকুর' শীর্ষক প্রবন্ধে লিখেছিলেন—

'ছয়শত গানের রচয়িতা শুবার্টকে পাশ্চাত্ত্য মহাদেশের লোকেরা পৃথিবীর সবচেয়ে অধিক গানের রচয়িতা মনে করে, রবীন্দ্রনাথ তার প্রায় চারগুণ গান বেঁধেছেন। বয়স কালে তাঁর গলাও ছিল চিত্তহারী, চমৎকার ও বিস্ময়কর। . . .গানের কথা সৃষ্টি, সুর

সৃষ্টি এবং কণ্ঠে কথা ও সুরের সাহায্যে বহু বিচিত্র ধ্বনিরূপের সৃষ্টি— এই ত্রিবিধ কৃতিত্বের সমাবেশে তাঁকে অদ্বিতীয় সংগীত-স্রষ্টা বলে মনে করি।'

তিনি আরো লিখেছিলেন—

'তিনি ছিলেন সুনিপুণ অভিনেতা এবং অভিনয়ের সুদক্ষ শিক্ষক। কবিতার আবৃত্তিতে এবং প্রবন্ধ গল্প নাটক ও উপন্যাসের পঠনেও তিনি সুদক্ষ ছিলেন। তাঁর সাধারণ কথাবার্তাও ছিল সাহিত্যধর্মী ও সুরসালো।'

এসব কথা বিবেচনা করলে রবীন্দ্রনাথের নিজকণ্ঠের যে মুষ্টিমেয় রেকর্ডিং রক্ষিত হয়েছে তা কি নিতান্তই অকিঞ্চিৎকর মনে হয় না ? বর্তমান শতাব্দীর প্রথম, দ্বিতীয় ও তৃতীয় দশকে কলকাতায় কলের গানের কারবারের গতিপ্রকৃতি জানতে এবং সেখানে প্রচুর সুযোগ থাকতেও কেন কবি আরো রেকর্ড করেন নি তার অনুসন্ধানে প্রবৃত্ত হই। যে সব তথ্য সংগ্রহ করা সম্ভব হয়েছে তাতে ভারতবর্ষে, বিশেষ করে কলকাতায় রেকর্ডিং শিল্পের ইতিহাসটাও বর্তমান গ্রন্থে আলোচনা করেছি। তাতে মূল 'কবিকণ্ঠ' গ্রন্থের প্রায় সম-পরিমাণ নূতন তথ্যাদি সংযোজিত হয়ে এটিকে একটি নতুন গ্রন্থের দাবিদার করেছে। তাই তার নাম পরিবর্তনের প্রয়োজন হয়েছে। এ গ্রন্থের নাম তাই রাখলাম—'কবিকণ্ঠ ও কলের গান'।

পূর্ব গ্রন্থখানি লিখেছিলাম ইউনাইটেড নেশানের প্রতিনিধি সুপণ্ডিত শিবশরণ (Alain Danielou)-এর সঙ্গে আলোচনার ফলে। তিনি নিউইয়র্ক হতে সোজা এসেছিলেন শান্তিনিকেতনে রবীন্দ্রসংগীতের রেকর্ডের সম্পূর্ণ তালিকার সন্ধানে, উদ্দেশ্য ইউনেসকো হতে তাঁরা রবীন্দ্রসংগীতের একখানি সম্পূর্ণ রেকর্ড-তালিকা প্রকাশ করবেন। শান্তিনিকেতনে ইন্দিরা দেবী চৌধুরানীর সঙ্গে দেখা করেও তেমন কোনো তালিকা না পেয়ে এলেন কলকাতায় গ্রামোফোন কোম্পানীর জেনারেল ম্যানেজার মিঃ লুই আর্থার রাইটের কাছে। তিনি তাঁকে পাঠালেন আমার কাছে। আমি তাঁর বক্তব্য শুনে বুঝিয়ে বললাম, আমি তাঁকে শুধু 'হিজ মাস্টার্স ভয়েস' ও 'কলম্বিয়া' লেবেলের সেই সব রেকর্ডের তালিকা দিতে পারি যা তখন কিনতে পাওয়া যায়, অর্থাৎ চালু রেকর্ড, কিন্তু তা তো 'সম্পূর্ণ' তালিকা নয়। তখনো রবীন্দ্রসংগীতের শত শত 'ক্যানসেলড্' রেকর্ড ছিল। আরো ছিল বিভিন্ন প্রাইভেট লেবেলে প্রকাশিত রবীন্দ্রসংগীতের রেকর্ড। সবচেয়ে গুরুতর অভাব— সিলিন্ডার রেকর্ডের তালিকার। ডিস্ক্ রেকর্ড ভারতে প্রচলিত হবার আগে এসেছিল সিলিন্ডার রেকর্ড এবং তাতেই সর্বপ্রথম রবীন্দ্রসংগীতের রেকর্ড বেরিয়েছিল। এমন-কি স্বয়ং রবীন্দ্রনাথের কণ্ঠে বন্দে মাতরম্ গানের রেকর্ডও বেরিয়েছিল সিলিন্ডারে, যার কোনো হদিশ তখন পর্যন্ত আমার কাছে ছিল না।

সব শুনে তিনি ব্যর্থ হয়ে ফিরে গেলেন। যাবার সময় আমায় দিয়ে গেলেন তাঁদের প্রকাশিত *A Catalogue of Recorded Classical and Traditional INDIAN MUSIC* নামক একখানি রেকর্ড তালিকা। দেখলাম তার মধ্যেও স্বল্পসংখ্যক রবীন্দ্রসংগীতের রেকর্ড স্থান পেয়েছে। আর তিনিই আমায় উৎসাহ দিয়ে গেলেন রবীন্দ্রসংগীতের রেকর্ডের পূর্ণাঙ্গ তালিকা প্রণয়নের।

সমস্যাটি নিয়ে গেলাম শান্তিনিকেতনে আমার শিক্ষাগুরু, বিশ্বভারতীর প্রথম রবীন্দ্র-অধ্যাপক প্রবোধচন্দ্র সেনের কাছে। বিশ্বভারতীতে কি কি রেকর্ড ছিল তাও দেখলাম রবীন্দ্রভবনে, কিন্তু তার মধ্যেও কোনো সিলিন্ডার রেকর্ডের সন্ধান পেলাম না।

তবে প্রবোধচন্দ্রই আমায় উৎসাহিত করে বললেন—'সিলিন্ডার হয়তো অন্যত্র পাওয়া সম্ভব হবে। সব লেবেলের রেকর্ডে রবীন্দ্রসংগীতের তথ্য সংগ্রহও রীতিমত দুরূহ ব্যাপার বুঝতে পারছি। তবু বলব, এ কাজের দায়িত্ব তোমার নেওয়া উচিত, কারণ তুমি রয়েছ সব চেয়ে বড়ো রেকর্ড কোম্পানীতে—যেখানে অধিকাংশ রেকর্ডের যাবতীয় তথ্য পাওয়া সম্ভব।'

শিক্ষাগুরুর আদেশ শিরোধার্য করে কলকাতায় ফিরলাম এবং অনুসন্ধানে জানলাম, এ কাজে দিক্‌দর্শনের কাজ করেছিলেন শ্রদ্ধেয় অনাদিকুমার দস্তিদার। তিনি ১৩৫০ সালে 'গীতবিতান বার্ষিকী'-তে রবীন্দ্রসংগীতের রেকর্ডের একটি দীর্ঘ তালিকা প্রকাশ করেছিলেন। কিন্তু তাতে কোনো সিলিন্ডার রেকর্ডের উল্লেখ ছিল না। ১৯৬১ খৃষ্টাব্দে আকাশবাণীর কর্মী শ্রীযুক্ত নির্মলেন্দু রায়চৌধুরীর 'রবীন্দ্র নির্দেশিকা' প্রকাশিত হয়। তাতেও কিছু রবীন্দ্রসংগীতের রেকর্ড উল্লেখ করা হয়েছিল। কিন্তু প্রাচীন সিলিণ্ডারের উল্লেখ ছিল না। প্রাচীন সিলিন্ডার রেকর্ডে রবীন্দ্রসংগীতের তালিকা 'কবিকণ্ঠে'-ই প্রথমে দিয়েছিলাম। 'কবিকণ্ঠ' গ্রন্থে আরো একটি গুরুত্বপূর্ণ দলিল সর্বপ্রথম প্রকাশের অনুমতি পেয়েছিলাম,— গ্রামোফোন কোম্পানীর সঙ্গে কবির চুক্তিপত্র।

আমি গ্রামোফোন কোম্পানীর কর্তৃপক্ষকে আমার প্রস্তাবিত রবীন্দ্রসংগীতের পূর্ণাঙ্গ ক্যাটালগ তৈরী করবার জন্য কোম্পানীর প্রাচীন ক্যাটালগ ও রেকর্ডিং-এর বাঁধানো খাতাগুলি দেখবার অনুমতি চাইলে তাঁরা সানন্দে সম্মতি জানালেন। রেকর্ডিং-এর সহকর্মীরাও সহযোগিতার আশ্বাস দিলেন। কিন্তু অফিস চলাকালীন প্রচার বিভাগ পরিচালনার গুরু দায়িত্ব ফেলে এই সখের মজদুরি করবার অবকাশ জুটতো না, ফলে অফিস ছুটির পর সে কাজ নিয়ে বসবার সুযোগ পেতাম।

এই ভাবে বারো বছরের বেশি সময় ধরে একটু একটু করে পুরানো খাতাপত্র ও

ক্যাটালগ হতে তথ্য সংগ্রহ ও বিন্যস্ত করবার কাজ করতাম, সঙ্গে সঙ্গে আনন্দবাজার, অমৃতবাজার, শনিবারের চিঠি, গল্পভারতী প্রভৃতি নানা পত্রপত্রিকায় ষোলটি প্রবন্ধ লিখেছিলাম। সেই সব প্রবন্ধ পড়ে অনেকে চিঠি দিয়েছেন, সাক্ষাতে আলোচনা করেছেন, বিশ্বভারতীর সঙ্গেও পত্রালাপ চলেছে, কয়েকবার শান্তিনিকেতনেও গিয়েছি।

'কবিকণ্ঠ' গ্রন্থের প্রথম ভাগে রেকর্ডিং- এর আনুপূর্বিক ইতিহাস ও কবিকণ্ঠের রেকর্ড তালিকা দিয়েছিলাম যাতে তাঁর কণ্ঠে বন্দে মাতরম গানের রেকর্ডের বিষয়ও প্রায় ষাট বছর পরে সম্পূর্ণ বিস্মৃতির অন্ধকার থেকে 'আবিষ্কৃত' হয়। এই অংশ বাদে রেকর্ড তালিকার মধ্যে তিন-চতুর্থাংশেরও বেশি গ্রামোফোন কোম্পানীর রেকর্ড 'হিজ মাস্টার্স ভয়েস' ও 'কলম্বিয়া' লেবেলে। তার তালিকা সম্পূর্ণ করেছিলাম। হিন্দুস্থান, মেগাফোন, সেনোলা, পাইওনীয়র, ভারতী প্রভৃতি অন্য প্রাইভেট লেবেলের সব রেকর্ডই তৈরী হতো গ্রামোফোনের দমদম কারখানায়। আর সেখানেই ছিল আমার কর্মস্থল। প্রাইভেট লেবেলের মালিকেরা প্রায় সবাই ছিলেন গ্রামোফোনের ডীলার। তাই তাঁদের সঙ্গে আমারও পরিচয় ছিল। তাঁদের দপ্তরে পুরাতন খাতাপত্র দেখতে বা তাঁদের ক্যাটালগ আনতে আমার যেতে হতো 'কবিকণ্ঠ' গ্রন্থের রেকর্ড তালিকা সংকলনের জন্য।

আমার প্রবন্ধগুলি পড়ে যাঁরা আমার সঙ্গে যোগাযোগ করেছিলেন তাঁদের মধ্যে শ্রীযুক্ত কল্যাণবন্ধু ভট্টাচার্য বাইরের ঐ সব প্রাইভেট লেবেলের রেকর্ড কোম্পানীতে যাতায়াতের কাজে আমায় সহায়তা করতে স্বেচ্ছায় এগিয়ে আসেন। ক্যাটালগ অংশের প্রুফ সংশোধনেও আমায় সহযোগিতা করেন। প্রকাশককে বলে তার জন্য তাঁকে পারিশ্রমিক দেওয়ার ব্যবস্থা করেছিলাম। এই স্নেহভাজন তরুণ বন্ধুটিকে গবেষণার কাজে উৎসাহিত করবার জন্য আমি আমার গ্রন্থের সহযোগী গ্রন্থকার হিসাবে তাঁর নামও দিয়েছিলাম। কিন্তু মূল কাজটা যে আমি একাই করতাম, এ বিষয়ে যাঁরা জানতেন সবাই তা লিখেছেন। 'কবিকণ্ঠ' গ্রন্থের ভূমিকায় আচার্য প্রবোধচন্দ্র সেন এবং গ্রন্থ-সমালোচনাকালে চপলাকান্ত ভট্টাচার্য, রবীন্দ্রজীবনীকার প্রভাতকুমার মুখোপাধ্যায়, পুলিনবিহারী সেন, রাজ্যেশ্বর মিত্র (শার্ঙ্গদেব), প্রাণতোষ ঘটক (মাসিক বসুমতীর সম্পাদক), অমৃতবাজার পত্রিকার প্রতিবেদক, 'বিশ্ববীণা' সম্পাদক শ্রীযুক্ত অমিতাভ ঘোষের নেওয়া সাক্ষাৎকার এবং জরাসন্ধের পত্র সমূহেও তার সুস্পষ্ট উল্লেখ আছে। বর্তমান গ্রন্থের পরিশিষ্টে তার কিছু কিছু তুলে দিয়েছি।

প্রবোধচন্দ্র 'কবিকণ্ঠে'র ভূমিকা লিখেছিলেন বিশ্বভারতীর তখনকার উপাচার্য শ্রদ্ধেয় সুধীরঞ্জন দাস মহাশয়ের অনুরোধে। আমি যখনই শান্তিনিকেতন যেতাম

উপাচার্য মহোদয়ের সঙ্গে সাক্ষাৎ করতে চাইলে তিনি বিমুখ করতেন না, কারণ রবীন্দ্রসংগীতের যাবতীয় রেকর্ডের একটি আনুপূর্বিক ক্যাটালগ প্রকাশ বিষয়ে তিনিও সবিশেষ আগ্রহী ছিলেন। তাই যখন প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু বিদেশ থেকে পাওয়া রবীন্দ্রনাথের Message of the Forest ভাষণের টেপ রেকর্ডটি পেয়ে শান্তিনিকেতনে পাঠিয়ে দেন, সেটির বিষয়বস্তু প্রস্তাবিত 'কবিকণ্ঠ' গ্রন্থে দেওয়ার জন্য উপাচার্য মহোদয় আমাকে ডেকে পাঠান এবং আমি সেটি এনে 'কবিকণ্ঠ' গ্রন্থে সন্নিবিষ্ট করি।

আমি যখন গ্রন্থের একটি ভূমিকার জন্য উপাচার্য মহোদয়কে অনুরোধ করি, তার জবাবে তাঁর একান্ত সচিবের টাইপ করা মামুলি 'সময়াভাব' জানিয়ে পত্র পাই। পরের সপ্তাহেই কালিম্পং থেকে হাতে লেখা বাংলা চিঠিতে জানতে পারি, উপাচার্য মহাশয় তখন অবকাশ যাপনের জন্য কালিম্পং শহরের 'স্বপনপুরী'তে রয়েছেন। সেখান থেকে তিনি জানান, আমার গ্রন্থের ভূমিকা লিখবার জন্য তিনি অধ্যাপক প্রবোধচন্দ্র সেনকেই সবচেয়ে যোগ্য ব্যক্তি মনে করেন। তাঁর সেই চিঠিখানি 'পরিশিষ্টে' তুলে দিলাম।

প্রবোধচন্দ্র-লিখিত মূল্যবান ভূমিকাটি যথাসময়ে পেয়েছিলাম এবং তা ঐ গ্রন্থের মর্যাদা বিশেষ ভাবে বৃদ্ধি করেছিল।

'কবিকণ্ঠ' গ্রন্থ রচনাকালে (১৩৫৭-১৩৬৯) মোট ষোলটি প্রবন্ধ আনন্দবাজার পত্রিকা, অমৃতবাজার পত্রিকা প্রভৃতিতে লিখেছিলাম। গ্রন্থ প্রকাশের পরে এই বিষয়ে বাংলা, ইংরাজি এবং হিন্দিতে আমার আরো উনিশটি প্রবন্ধ প্রকাশিত হয়েছে। পরিশিষ্টে দুটি পৃথক প্রবন্ধপঞ্জীতে তার তালিকা দিলাম।

রেকর্ড ব্যবসায়ে রেকর্ড বা ক্যাসেটের তালিকা প্রকাশ করা যে কিরূপ গুরুত্বপূর্ণ সে বিষয়ে এর কিছু ইতিহাস বলছি। সিলিন্ডার রেকর্ড নিয়ে টমাস অ্যালভা এডিসন যখন ব্যবসা শুরু করেন তখন ডীলারদের জন্য তো বটেই, রেকর্ড-রসিকদের জন্যও নতুন প্রকাশিত রেকর্ডের তালিকা তিনিই সর্বপ্রথম একটি মাসিক পত্রিকা আকারে প্রকাশ শুরু করেন। পত্রিকার নাম দেন *The Phonogram*। ব্যবসা যখন বেশ জমে উঠেছে তখন তিনি ভাবলেন, পত্রিকা বের করবার আর প্রয়োজন নেই, রেকর্ড আপনিই বিক্রি হবে। সেই সিদ্ধান্ত করে তিনি ১৯০৩ খৃষ্টাব্দের ফেব্রুয়ারি সংখ্যায় ঘোষণা করলেন, এর পর আর 'দি ফনোগ্রাম' পত্রিকাটি বের করা হবে না। যে মাসে ঘোষণা ছাপা হলো তখনও পত্রিকাটির মুদ্রণসংখ্যা ছিল ৬০,০০০ কপি। কিন্তু ডীলার এবং পাঠকেরা এমন প্রবল প্রতিবাদ ও সবিনয় অনুরোধ করতে লাগলেন যাতে এডিসন তাঁর সিদ্ধান্ত পরিবর্তন করতে বাধ্য হলেন। মার্চ ১৯০৩ থেকে বেরুল

নতুন পত্রিকা *Edison Phonograph Monthly* । ঐ পত্রিকাটি মাসিক হিসাবে নিয়মিত বেরিয়েছিল ডিসেম্বর ১৯১৬ খৃষ্টাব্দ পর্যন্ত। তখন এডিসনের অন্যান্য ব্যবসায় জাঁকিয়ে উঠেছে, কিন্তু রেকর্ড ব্যবসায় চলে গেছে ডিস্ক রেকর্ডের ব্যবসায়ীদের হাতে।

এই ঘটনার ৬০ বছর পরে ১৯৭৬ খৃষ্টাব্দে 'এডিসন ফোনোগ্রাফ মান্থলী' পত্রিকার সমগ্র সেট মোট ১৬৬ খানি পুনর্মুদ্রণ করে খণ্ডে খণ্ডে প্রকাশিত হয় এবং রেকর্ড রসিকেরা প্রাচীন দিনের রেকর্ড তথ্য জানবার জন্য সেই ক্যাটালগ সাগ্রহে কেনেন। পুরো সেটটি ক্রমিক সংখ্যাযুক্ত করা হয়, আমার ভাগ্যে জোটে ৫১৫ সংখ্যক খণ্ডগুলি। আমার পরেও নিশ্চয়ই আরো অনেকে কিনেছেন।

আর আমাদের দেশে ইদানীং ক্যাসেটের প্রাদুর্ভাবে ক্যাটালগ ছাপবার প্রয়োজনীয়তাই যেন ব্যবসায়ীরা ভুলতে বসেছেন। সামান্য কিছু মূলধন সংগ্রহ করেই ক্যাসেট বের করা যায়। কিন্তু সংগীত জগতের যোগ্য উত্তরাধিকার সৃষ্টির জন্য ক্যাসেট ব্যবসায়ীদের ক্যাটালগ নিয়মিত ভাবে প্রকাশে যত্নবান হওয়া বিশেষ প্রয়োজন।

সম্প্রতি শ্রীযুক্ত সিদ্ধার্থ ঘোষের 'রেকর্ডে রবীন্দ্রসংগীত' (নভেম্বর, ১৯৮৯) হাতে আসায় বিশেষ আনন্দিত হয়েছি। যে কাজ ১৯৫৭ খৃষ্টাব্দে একক প্রচেষ্টায় শুরু করেছিলাম, জীবন-সায়াহ্নে সে কাজে এ যুগের এক অভিজ্ঞ গবেষকের অংশগ্রহণ যে দেখে যেতে পারলাম এটা আমি সৌভাগ্য মনে করি।

'কবিকণ্ঠ' নামে পশ্চিমবঙ্গের আসানসোল থেকে একটি এবং বাংলা দেশ থেকে একটি কবিতা-পত্রিকা প্রকাশিত হতে দেখেও ভালো লেগেছে। আর 'কবিকণ্ঠ' গ্রন্থখানি সম্পর্কে শ্রদ্ধেয় প্রভাতকুমার মুখোপাধ্যায় তাঁর 'রবীন্দ্র-জীবনী' তৃতীয় খণ্ডের তৃতীয় সংস্করণে, শ্রীযুক্ত ক্ষিতীশ রায় তাঁর *Voice of Rabindranath Tagore* গ্রন্থে, শ্রীমতী সুচিত্রা মিত্র ধারাবাহিকভাবে প্রকাশিত তাঁর সংকলিত 'রবীন্দ্রসংগীত কোষ' রচনায়, শিল্পী দেবব্রত বিশ্বাস তাঁর 'ব্রাত্যজনের রুদ্ধসংগীত' গ্রন্থে এবং শ্রীযুক্ত সিদ্ধার্থ ঘোষ তাঁর 'রেকর্ডে রবীন্দ্রসংগীত' গ্রন্থে উল্লেখ করেছেন। এ জন্য তাঁদের কাছে আমি বিশেষ কৃতজ্ঞ। আশা করি বর্তমান গ্রন্থখানিও রেকর্ড-শিল্পে উৎসাহী এবং রবীন্দ্রসংগীত-প্রেমীদের আগ্রহ সৃষ্টি করতে পারবে।

কলকাতা ও বোম্বাই কেন্দ্রে কলের গানের কারবারের সঙ্গে স্বদেশী আন্দোলনের কোথায় যেন একটা যোগসূত্র ছিল মনে হয়। ১৯০৫ সালে বঙ্গভঙ্গ আন্দোলন উপলক্ষ্যে জাতীয় সঙ্গীত রচনায় যেন এক প্রবল প্রবাহ সৃষ্টি হয়েছিল। তার পুরোভাগেও ছিলেন স্বয়ং রবীন্দ্রনাথ। তাঁর রচিত—'আমার সোনার বাংলা, আমি

তোমায় ভালবাসি', 'আজি বাংলাদেশের হৃদয় হতে কখন আপনি, তুমি এই অপরূপরূপে বাহির হলে জননী', 'ও আমার দেশের মাটি তোমার 'পরে ঠেকাই মাথা', 'বাংলার মাটি বাংলার জল' কিংবা সেই সব প্রাণোন্মাদনার গান—'বিধির বাঁধন কাটবে তুমি এমন শক্তিমান', 'ওদের বাঁধন যতই শক্ত হবে' প্রভৃতি গান বাংলার আকাশ বাতাস মথিত করে তুলেছিল। জাতীয় জাগরণের সেই পুণ্য লগ্নে এইচ. বোস তাঁর ফোনোগ্রাফে, সিলিন্ডার রেকর্ডে রবীন্দ্রনাথের গাওয়া 'বন্দে মাতরম' গান এবং তাঁর ও অন্য অনেকের অনেক জাতীয় সংগীত রেকর্ড করেছিলেন। এটা একটা বিশেষ উল্লেখযোগ্য ঘটনা হলেও প্রকৃত পক্ষে তা কালক্রমে আমরা ভুলেই গিয়েছিলাম। সৌভাগ্যক্রমে শ্রদ্ধেয় পুলিনবিহারী সেন বিষয়টি মনে রেখেছিলেন এবং আমায় চিঠি দিয়ে ড. সুকুমার সেনের কাছে পাঠিয়েছিলেন, তাঁর কাছে এইচ. বোসের প্রাচীন রেকর্ড তালিকার সন্ধানে। অনেক চেষ্টার পরে সেই ক্যাটালগ পাওয়া গেল। সম্পূর্ণ বিস্মৃত একটি বিষয়ের উপর জনসাধারণের আগ্রহী দৃষ্টি পড়ল।

আমার মনে তখন থেকেই প্রশ্ন, কবি কেন ১৯০৬ খৃষ্টাব্দে এইচ. বোসের সিলিন্ডারে রেকর্ড করবার পর ১৯৩২ খৃষ্টাব্দে হিন্দুস্থান রেকর্ডে নতুন করে রেকর্ডিং শুরুর মধ্যে একমাত্র গ্রামোফোন কোম্পানী ছাড়া আর কোথাও কোনো রেকর্ডিং করলেন না? ভারতবর্ষে কলের গানের কারবার তখন কি কেবল গ্রামোফোন কোম্পানীর উপর নির্ভরশীল ছিল? তা তো নয়।

কলের গানের কারবার সম্বন্ধে প্রাথমিক সংবাদ পেয়েছিলাম যাঁর কাছে তাঁর নাম ডাঃ কার্ত্তিকচন্দ্র বসু। বেঙ্গল কেমিক্যালের তিনি প্রথম ম্যানেজিং ডিরেক্টর ছিলেন। ১৮৯৭ খৃষ্টাব্দে তিনি এম. বি. পরীক্ষায় ফার্স্ট হয়ে আটটি গোল্ড্ মেডাল পান। ডাক্তারিতে তাঁর রেজিস্টার্ড নম্বর ছিল ৩০৩। ব্যবসায় জগতে তাঁকে বলা হোত—'Father of Pharmaceutical Industry of India'। আবার চিকিৎসক হিসাবে কলকাতার বহু অভিজাত পরিবারের সঙ্গে তাঁর ছিল গভীর ঘনিষ্ঠতা। হয়তো তিনি বিখ্যাত এইচ. বোস, ডোয়ার্কিন বা বীণাপাণি রেকর্ডের প্রতিষ্ঠাতাদের সঙ্গেও ঘনিষ্ঠভাবে পরিচিত ছিলেন। তিনি বেঙ্গল কেমিক্যাল ত্যাগ করে যখন তাঁর নিজস্ব কারবার ডাঃ বোসেস ল্যাবরেটরি লিমিটেড- এর ম্যানেজিং ডিরেক্টর, তখন আমি তাঁর একান্ত সচিব ছিলাম।

ডাঃ বোসের বোম্বাই এজেন্ট 'ইন্ডিয়ান ফার্মাসিউটিক্যাল কোম্পানী'র মালিক মিঃ আর. ভি. মুরকুনডি-র কলবাদেবী রোডের অফিসে বসে তাঁর নিকট-প্রতিবেশী কলবাদেবী রোডেরই টি. রামচন্দ্র অ্যান্ড ব্রাদার্সের 'রামাগ্রাফ' নামক স্বদেশী রেকর্ডের কথা শুনেছি। বোম্বাই-এর বল্লভদাস লছমীদাস এবং তাঁদের দি টকিং মেসিন অ্যান্ড

ইন্ডিয়ান রেকর্ড কোম্পানীর মাধ্যমে বিখ্যাত বিদেশী রেকর্ড 'BEKA' রেকর্ড বিপণনের কাহিনী শুনি। গ্রামোফোন কোম্পানীর কাজে সারা ভারত ভ্রমণে আমার সংগৃহীত তথ্য সমূহের কিছু সমর্থন পাই লন্ডনে গ্রামোফোন কোম্পানীর আর্কাইভে।

রবীন্দ্রনাথের জীবৎকালে কলকাতায় বিদেশী রেকর্ড কোম্পানীদের যে রকম সমাবেশ ঘটেছিল তাতে কবি ইচ্ছা করলে নানা লেবেলের রেকর্ডে তাঁর নিজকণ্ঠের গান ইত্যাদি রেকর্ড করতে পারতেন। কিন্তু দৃঢ়চেতা কবির স্বদেশপ্রীতি তাঁকে তা করতে নিরস্ত করেছিল। একমাত্র গ্রামোফোন কোম্পানী বিদেশী হলেও তাঁর সহযোগিতা পেয়েছিল এবং তার সঙ্গত কারণও ছিল। গ্রামোফোনের মাধ্যমে রবীন্দ্রসংগীতের রেকর্ড বিদেশেও ব্যাপক প্রসার লাভ করেছে।

সব শেষে বলি কি ভাবে আমি ছাত্রজীবন থেকেই গ্রামোফোন বিষয়ে আকৃষ্ট হই। বোম্বাই-এর 'ভারতীয় বিদ্যাভবন' হতে জানুয়ারি ১৯৬৬-তে প্রকাশিত মনোরঞ্জন গুপ্তের ইংরাজিতে লেখা আচার্য প্রফুল্লচন্দ্রের জীবনচরিতের পরিশিষ্টে এ বিষয়টি আমি বিস্তারিত ভাবে লিখেছি। ১৯২৬ খৃষ্টাব্দে আমি যখন ষষ্ঠ শ্রেণীর ছাত্র তখন আমাদের স্কুলের এক ছাত্রসভায় আচার্য প্রফুল্লচন্দ্র বক্তৃতা প্রসঙ্গে জিজ্ঞাসা করেন— গ্রামোফোনের আবিষ্কর্তার নাম কি ? কেউ উত্তর দিচ্ছে না দেখে আমি বলি— টমাস অ্যালভা এডিসন। তিনি আমায় কাছে ডাকেন ও নানারকম প্রশ্ন করেন। সদুত্তর পেয়ে খুশী হন।

যখন কলেজে পড়ি, সেখানেও আচার্যদেবের সঙ্গে দেখা হলে তিনি আমায় বলেন, 'আরে, তুই সেই এডিসন না ?' আচার্য প্রফুল্লচন্দ্রের জয়ন্তী উৎসবে প্রবন্ধ প্রতিযোগিতায় আমার লেখা তাঁর সংক্ষিপ্ত জীবনী প্রথম পুরস্কার পায়। কাগজে সেই সংবাদ দেখে আচার্যদেবের ঘনিষ্ঠ বন্ধু ডাঃ কার্ত্তিকচন্দ্র বসু (আমি তখন তাঁর একান্ত সচিব) আমার লেখাটি বই-আকারে ছাপতে চান। তা জানতে পেরে খাদি প্রতিষ্ঠানের কর্ণধার 'বাংলার গান্ধী' সতীশচন্দ্র দাসগুপ্ত হাতে তৈরী কাগজ পাঠান, যাতে আমার লেখা প্রফুল্লচন্দ্রের জীবনী ছাপা হয়। সে বই আচার্যদেবকে উপহার দিতে ডাঃ বসু আমাকে সঙ্গে নিয়ে সায়ান্স কলেজে আচার্যদেবের কাছে যান। সেদিনও আমাকে দেখে তিনি বলেন—'আরে, কার্ত্তিক তোকে পরিচয় করিয়ে দিচ্ছে, তুই সেই এডিসন না ?'

মনীষীর মুখ-নিঃসৃত আমার এডিসন নামটিই সারা জীবনের সঙ্গী হয়ে গিয়েছিল। ভাগ্য টেনে নিয়েছিল কলের গানের কারবারে। তিরিশ বছর কাটলো সেখানে। গেলাম আমেরিকায়, এডিসনের ল্যাবরেটরি, বাসভবন, মিউজিয়াম ইত্যাদি বার বার ঘুরে দেখলাম। ১৯৯০ খৃষ্টাব্দে বেরুল আমার *Gramophone in India*

নামক বই, যাতে ভারতে গ্রামোফোন কোম্পানীর ইতিহাস বিবৃত আছে। সে বই পড়ে গ্রামোফোন কোম্পানীর হেড অফিস থেকে আমায় আমন্ত্রণ করে নিয়ে যাওয়া হয় লন্ডনে। সেখানে গ্রামোফোন কোম্পানীর বৃহৎ কর্মকান্ড নিজ চোখে প্রত্যক্ষ করবার সুযোগ পাই। লন্ডনের বিরাট আর্কাইভে বসেই পড়াশুনা করবার সুযোগ পাই গ্রামোফোন শিল্পের খুঁটিনাটি। তার মধ্যে ভারতে গ্রামোফোন শিল্পের বিষয় আলোকপাত বাদ পড়ে নি। জীবন সায়াহ্নে আশ্চর্য হয়ে ভাবি, বালক বয়সে যে 'এডিসন' নিক্‌নেমটি জুটেছিল কিভাবে তা আমায় সারাজীবন ধরে চালিয়ে নিয়েছে। শেষ করবার আগে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি মনীষী ড. সুকুমার সেনকে। তিনি আমায় অনুগ্রহ করে এইচ. বোসের মার্চ ১৯০৬ খৃষ্টাব্দের ক্যাটালগ না দেখালে রবীন্দ্রনাথের কণ্ঠে বন্দে মাতরম গানের সম্পূর্ণ বিস্মৃত রেকর্ড খুঁজে বের করতে পারতাম না।

কলের গানের বিষয়ে তথ্যানুসন্ধানে বিদেশী গ্রন্থের সঙ্গে কয়েকজন বিদেশী বিশেষজ্ঞের নামও বিশেষ ভাবে স্বীকার করি। গ্রন্থগুলির তালিকা সহায়ক গ্রন্থসমূহের সঙ্গে উল্লেখ করেছি। বিশেষজ্ঞগণ হলেন নিউইয়র্কের গাই সি. ম্যারিয়ট, লন্ডনের মিসেস রুথ এজ, ডঃ ডিমিট্রি করিটন এবং এনটনি সি. পোলার্ড আর মেলবোর্নের মাইকেল সি. কিননিয়ার। প্রথমোক্ত তিন জনের কাছে আমার বার বার যাওয়ার সুযোগ ঘটেছে, আর শেষোক্ত জন সস্ত্রীক কলকাতায় আমার বাসভবনেও এসেছেন। এঁদের সকলের অকুণ্ঠ সহযোগিতা আমি কৃতজ্ঞচিত্তে স্মরণ করি।

পুরাতন রেকর্ড সংগ্রাহক শ্রীযুক্ত সুরাজলাল মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত শুভেন্দুশেখর পাত্রকেও বিশেষ কৃতজ্ঞতা জানাই তাঁদের 'আবিষ্কৃত' কবিকণ্ঠের একমাত্র দ্বৈতসংগীত 'তোমার সুরের ধারা'-র রেকর্ডখানির তথ্য অনুসন্ধানে আমার সহযোগিতা চেয়েছিলেন বলে। ঐ গানের একটি টেপ তাঁরা রবীন্দ্রভবনের সংগ্রহে দেওয়ার জন্যও তাঁদের আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

এবারকার গ্রন্থখানির প্রস্তুতি পর্বে আমাকে বার বার রবীন্দ্রভবনে ছুটতে হয়েছে। সেখানকার প্রাধিকারিক শ্রীযুক্ত দ্বিজদাস বন্দ্যোপাধ্যায় আর গ্রন্থাগারের বন্ধুগণ এবং রবীন্দ্রভবনের শ্রুতিদৃশ্য বিভাগের প্রধান শ্রীযুক্ত অজিত পোদ্দার এবং তাঁর সহকর্মিগণ আমায় বহু তথ্য সন্ধানে বিশেষ সহায়তা করেছেন। রেকর্ড তালিকা সংকলনে সহযোগিতা করেছেন রবীন্দ্রসংগীত-বিশেষজ্ঞ শ্রীযুক্ত অমিতাভ ঘোষ। বিশ্বভারতীর অবসরপ্রাপ্ত রবীন্দ্র-অধ্যাপক ডঃ ভবতোষ দত্ত গ্রন্থের পাণ্ডুলিপি পড়ে নানা গুরুত্বপূর্ণ পরামর্শ দিয়ে বিশেষ সহায়তা করেছেন। এঁদের সবার নিকট আমি অশেষ কৃতজ্ঞ।

বিশ্বভারতী গবেষণা প্রকাশনা বিভাগের কর্ণধার ডঃ সুব্রত চক্রবর্তী এবং কর্মীবৃন্দ যাঁরা এই গ্রন্থ প্রকাশের দায়িত্ব গ্রহণ করে এই বৃদ্ধকে ভারমুক্ত করেছেন, তাঁদের সকলকেও আমি আন্তরিক ধন্যবাদ জানাই।

১৪৬ কবি নবীন সেন রোড
কলকাতা ৭০০ ০২৮

সন্তোষকুমার দে
৬ বৈশাখ ১৩৯৯

কবিকণ্ঠে 'বন্দেমাতরম' গানের রেকর্ড-লেবেল
ফরাসী প্যাথে কোম্পানী বেলজিয়াম থেকে
রেকর্ড তৈরি করে কলকাতার এইচ. বোসকে দিতেন।



গ্রামোফোন কোম্পানীর দমদম কারখানায়

An agreement made this fifth day of March one thousand nine hundred and twenty-six BETWEEN THE GRAMOPHONE COMPANY LIMITED a Company incorporated under the English Companies Acts and having its Registered Office at Hayes in the County of Middlesex in England and carrying on business at amongst other places 139, Bellaghatta Road in the suburbs of Calcutta (hereinafter called "the Company") of the one part and DOCTOR RABINDRA NATH TAGORE D.L. of No.6, Dwarka Nath Tagore Lane in the town of Calcutta aforesaid (hereinafter called "the Composer") of the other part WHEREBY IT IS AGREED as follows:-

1. The Company shall for the consideration hereinafter stated have the exclusive right for ever to manufacture, multiply, publish and sell all records for use on Talking Machines already made by the Composer of the songs and recitations mentioned in the Schedule hereunder (and shall for a period of five years from the date hereof have such exclusive right to manufacture, multiply, publish and sell all further records which may hereafter be made by the Composer of the said songs and recitations,

2. The Company shall have the exclusive property in and the sole right for ever to manufacture and multiply all records so made or to be made by the Composer of the said songs and recitations and the Composer shall not during the continuance of this Agreement talk or sing or carry out any performance for the purpose of making talking machine records of the said songs and recitations.

3. The Company shall pay to the Composer or his nominee a royalty of eight annas for each double sided record of any of the Composer's said songs or recitations manufactured or to be manufactured by the Company PROVIDED ALWAYS that the Company shall at all times be at liberty to determine the selling price for all records the subject of this Agreement.

THE

THE SCHEDULE ABOVE REFERRED TO.

Serial Nos.	Language	Title
BD. 12 [illegible]	Bengali Talking	অভিসার। (Abirbhab)
1232	[illegible]	[illegible] "Gitanjali" No.11, and 36 (Prayer).
1234	• •	- Readings from "Crescent Moon".
1235	Bengali Talking	- আজি ঝরের রাতে। (Aji Jharer rate)
1231	Bengali Song	- শেষ পরানির করি কণ্ঠে মিলন [illegible] "Shesh Paranir Kari Kanthe Milan [illegible]
1232	• •	- আধ জনে দেহ আলো। Aadha Jane deha alo.
1233	• •	- তুমি জ্যোৎস্না-[illegible] Tumi Jeyona [illegible]
1234	• •	- আমার ধবলা পালে লেগেছে। Amala dhabala pale lageche.
1235	• •	- আমারে কে নিবি [illegible] Amare ke nibi [illegible]
1236	• •	[illegible] Kakhan je Basanta galo.
1237	• •	- আমি সংসারে মন দিয়েছিনু। Ami sansare mana diyechhinu.
1238	• •	- নাই বা এলে যদি সময় নাই। Nai ba eley jadi samay nai.
1239	• •	- গানের সুরের আসন খানি। Ganer surer asan khani.
1240	• •	- আমার দিবার আছে। Amak diechha nath.
1241	• •	- বেলা গেলো তোমার পথ চেয়ে। Bela galo tomar path chaye.
1242	[illegible]	[illegible] Bharo beshe sakhi nikshite jal[illegible]
1243	Bengali Talking	- আজি হতে শতবর্ষ পরে। Aji hote shatabarsha pare.

রবীন্দ্রনাথের সঙ্গে গ্রামোফোন কোম্পানীর চুক্তিপত্র

1244	• •	- [illegible]	[illegible] (Chapar Tari).
1245	• •	- [illegible]	[illegible] (Khrishan Kali).
1246	• •	- [illegible]	[illegible] (Sarpata Lagena).
1247	• •	- [illegible]	(Naibedya).

[illegible]

BD. 1248	Bengali Talking	- কর্ণ ও কুন্তী সংবাদ	প্রথম অঙ্ক। Karna O Kunti Sambad Part I
1249	• •	- ঐ	দ্বিতীয় অঙ্ক। -do- II
1250	• •	- ঐ	তৃতীয় অঙ্ক। -do- III
[illegible] 1251	• •	- ঐ	চতুর্থ অঙ্ক। -do- IV.

IN WITNESS whereof the parties hereto have hereunto set their respective hands the day and year first above written.

The Gramophone Company Ltd
by their Calcutta Manager

W. W. Jones.
Accountant.
8/1 London Street
Calcutta.

Rabindranath Tagore

P.C. Mahalanobis
Meteorologist, India
The Observatory, Alipore.

Rathindranath Tagore.
Zamindar
6 Dwarkanath Tagore St.
Calcutta

রবীন্দ্রনাথ-স্বাক্ষরিত চুক্তিপত্রের শেষাংশ

এডিসনের তৈরি সিলিন্ডার রেকর্ড এবং তার কভার-কার্টন

VISVA-BHARATI

SRI S. R. DAS
VICE-CHANCELLOR

FOUNDED BY
RABINDRANATH TAGORE

SANTINIKETAN
WEST BENGAL, INDIA

শ্রীভবন : "সুপ্রভাতী"
কলিকাতা ৩

NO. ১৫৬১

DATE ৬০-৫-৬১

সবিনয় নিবেদন,

আপনার ২৭শে মে তারিখের চিঠিখানা পেলুম। রবীন্দ্র সদনে আপনার কাজ করবার সুযোগ পেয়ে কার্যিত্ত প্রত্যাশা যে প্রায় করেছেন জেনে সুখী হলুম। রবীন্দ্র সদনের ব্যবস্থাপনা যে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে সে কথা নিজে থেকেই আপনি জানিয়েছেন। আমাদের আনিকাতকে সংশোধিত করে নেওয়া প্রয়োজন। আশা করি রবীন্দ্র সদনের কার্যভার যাঁদের উপরে রয়েছে তাঁরা সেবিষয়ে সচেষ্ট হবেন।

আপনার অনুরোধ পুস্তকের একটি ভূমিকা লেখবার জন্যে আমাকে পুনরোধ করে আপনি সম্মানিত করেছেন। এসব কাজে আমার নিজস্ব অনভ্যস্ত মনে করেই এই দায়িত্বভার নিতে সাহস করি নি। আমাদের ধারণা ছিল বিশেষ করে রবীন্দ্র প্রসঙ্গে শ্রী প্রবোধ চন্দ্র সেন মহাশয়ের অ্যাচিত পরামর্শ দিতেন। তিনি ভূমিকাটি নিজে লিখে নিলে সকল দিক থেকে সুন্দর ও শোভন হবে।

প্রাক্তন কোষাধ্যক্ষ হিসেবে আপনাদের পাত্রিকায় যে শত বার্ষিকী সংখ্যা বের করেছেন তা দেখবার সুযোগ পাই নাই। দেখবার পরে নিশ্চয়ই লিখে দেব।

নমস্কারান্তে - ইতি -

ভবদীয় -

শ্রী সন্তোষ কুমার দে,
৪৫ আমহার্স্ট স্ট্রীট,
কলিকাতা - ৯

বিশ্বভারতী বিশ্ববিদালয়ের উপাচার্য শ্রীযুক্ত সুধীরঞ্জন দাসের পত্র



৬ঃ সুকুমার সেনকে ৫ জুন ১৯৫৪ তারিখে লেখা রবীন্দ্র-বিশেষজ্ঞ পুলিনবিহারী সেনের এই ক্ষুদ্র পত্রখানি সম্পূর্ণ বিস্মৃত কবিকণ্ঠের 'বন্দেমাতরম' গানের প্রাচীন রেকর্ডখানি পুনরুদ্ধারের পথ খুলে দিয়েছিল।

গ্রামোফোন কোম্পানীর লন্ডনে ব্যবসা পত্তনের প্রথম সহযোগী এবং অন্যতম পরিচালক **এডমন্ড ট্রেভর উইলিয়াম্‌স্‌**

লন্ডনে গ্রামোফোন কোম্পানীর প্রতিষ্ঠাতা ও প্রথম ম্যানেজিং ডিরেক্টার **উইলিয়াম ব্যারি ওয়েন**

ভারতে তৈরি সর্বপ্রথম রেকর্ডের লেবেল
গায়ক ডবলু. এস্. বার্ক

ভারতে তৈরি সর্বপ্রথম ভারতীয় (বাংলা) ভাষার রেকর্ড লেবেল
গায়িকা মিস্ শশীমুখী

ভারতে প্রতিষ্ঠিত গ্রামোফোন কোম্পানীর প্রথম কারখানা
১৩৯ বেলেঘাটা মেইন রোড, কলিকাতা।



শান্তিনিকেতনে রবীন্দ্রভবনে কবিকণ্ঠে 'বন্দেমাতরম' গানের টেপ বাজিয়ে শুনছেন—লেখক (ডাইনে)। সঙ্গে সংগ্রহশালার শ্রুতিদৃশ্য বিভাগ-প্রধান শ্রীঅজিতকুমার পোদ্দার।

রেকর্ডে রবীন্দ্ররচনা সংরক্ষণে অগ্রণী চারজন

স্বর্গীয় হেমেন্দ্রমোহন বসু

(এইচ. বোস)
রেকর্ডে কবিকণ্ঠ ইনিই সর্বপ্রথম
প্রচার করেন।

স্বর্গীয় ভগবতীচরণ ভট্টাচার্য

গ্রামোফোন কোম্পানীর রেকর্ডিং
প্রতিনিধি হিসাবে 'হিজ্ মাস্টার্স ভয়েস'
রেকর্ডে কবিকণ্ঠ প্রচার করেন।

স্বর্গীয় চণ্ডীচরণ সাহা

হিন্দুস্থান মিউজিক্যাল প্রোডাক্টস্-এর
প্রয়াত ম্যানেজিং ডিরেক্টর। হিন্দুস্থান রেকর্ডে
কবিকণ্ঠের অক্ষয় ভাণ্ডার স্থাপন করেন।

স্বর্গীয় প্রেমেন্দ্রকুমার সেন

গ্রামোফোন কোম্পানীর আর্টিস্ট ও
রেপার্টায়ার ম্যানেজার।
রবীন্দ্র শতবার্ষিকীতে কবির রেকর্ডের
জন্য আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেন।



মার্চ ১৯০৬ সালে প্রকাশিত এইচ. বসুর রেকর্ডের তালিকা পুস্তিকার প্রচ্ছদচিত্র
এই তালিকায় অনেক রবীন্দ্রসংগীত ছিল।



বিখ্যাত 'কার এণ্ড মহলানবিশ'-এর 'কলের গান' নামক পুস্তিকার প্রচ্ছদ চিত্র। এই পুস্তিকাতেও অনেক প্রকার রবীন্দ্রসংগীতের রেকর্ডের সন্ধান দেওয়া ছিল।



কবিকণ্ঠ সংরক্ষণের স্মৃতিপূত ফনোগ্রাফ যন্ত্রের ভগ্নাবশেষ
আবিষ্কারক টমাস অ্যালভা এডিসনের স্বাক্ষরযুক্ত এই যন্ত্রে স্বনামখ্যাত এইচ. বোস
কবির কণ্ঠে অনেক গান ও আবৃত্তি রেকর্ড করেছিলেন।
যন্ত্রের গায়ে বাম দিকে একখানি তাম্রফলকে এডিসনের স্বাক্ষরসহ
যে সব কথা লেখা ছিল তা এই ঃ—

Manufactured under the patent of
THOMAS A. EDISON at Orange, N. J., U. S. A.

May 8, 1888, July 31, 1888, Nov. 1888, Dec. 4, 1888, Feb. 5, 1889, Apr. 2, 1889, Nov. 12, 1889, June 19, 1890, Mar. 24, 1891, Apr. 21, 1891, June 9, 1891, Dec. 29, 1891, Oct. 18,1892, June 20, 1893, Jan. 23, 1894, May 31, 1898.

This machine is sold upon the condition that it is licensed to be used or vended only so long as this Serial Number

[redacted] C 6616

is not removed or changed in whole or in part, and that every possessor of this machine admits the validity of the above enumerated patents.

বিদেশে মুদ্রিত ওডিঅন রেকর্ডে রবীন্দ্রসংগীত

"সার্থক জনম আমার জন্মেছি এদেশে"

গায়ক—মিঃ এস. বি. গুপ্ত, কলিকাতা।

গানটির সুর বলা হয়েছে—ভৈরবী একতালা, কিন্তু গীতিকারের নাম দেওয়া নেই।

কবিকণ্ঠ

রবীন্দ্রনাথ হাঙ্গেরির স্বাস্থ্যনিবাস Balaton হ্রদের তীরে ঊনবিংশ শতাব্দীর কবি Sandor Kisfalndy র মর্মরমূর্তির নিকট ৮ নভেম্বর, ১৯২৬ তারিখে একটি বৃক্ষ রোপণ করেন এবং একটি বাংলা কবিতা ও তার ইংরাজি অনুবাদ লিখে দেন। প্রস্তরফলকে উৎকীর্ণ সেই কবিতা বৃক্ষবেদিতে লাগানো আছে। কবিতাটি এই—

হে তরু, এ ধরাতলে রহিব না যবে
সেদিন বসন্তে নব পল্লবে পল্লবে
তোমার মর্মরধ্বনি পথিকেরে কবে,
'ভালোবেসেছিল কবি বেঁচে ছিল যবে।'

কবিকৃত অনুবাদ—

When I am no longer on this earth, my tree,
Let the ever-renewed leaves of thy spring
Murmur to the wayfarers,
"The Poet did love while he lived."

কবি তাঁর অবর্তমানে তাঁর কথা বলবার ভার যে বৃক্ষটিকে দিতে চেয়েছিলেন সে নিশ্চয় এতদিনে তার কাণ্ড শাখার বিস্তারে, সবুজের সমারোহে, পুষ্পের সৌরভে অথবা ফলভারে অবনত পূর্ণতার বিকাশে কবির বাণী সার্থক ভাবেই ব্যক্ত করছে।

কিন্তু কবির বাণী তো কেবল বৃক্ষের মৌন আবেদনেই সীমিত নয়, কবির কথা আজও কবিকণ্ঠেও শোনা যায়। কবির তিরোধানের সঙ্গে সঙ্গে কবির বলিষ্ঠ ও কমনীয় কণ্ঠস্বর নিঃসীম শূন্যে বিলীন হয়ে যায় নি। ব্যাস, বাল্মীকি, কালিদাস, ভবভূতি, মধুসূদন, হোমার, শেক্সপীয়র, ওয়ার্ডসোয়ার্থ, শেলী, কীট্স, দান্তে, মিলটন, গ্যয়েটে, শীলর প্রভৃতি সকল দেশের সকল কালের শ্রেষ্ঠ কবিকুলের কেবল রচনাই আমরা পেতে পারি, রবীন্দ্রনাথের ক্ষেত্রে রচনা তো রয়েছেই, আরো আছে স্বদেশে এবং বিদেশে বিভিন্ন সময়ে বিধৃত কবিকণ্ঠের অনেকগুলি গান, আবৃত্তি ও আলোচনা, বাংলায় এবং ইংরাজিতে। নানা সময়ে নানা প্রসঙ্গে করা এইসব রেকর্ড শুনলে কবির বাচনভঙ্গির বৈশিষ্ট্যে এবং স্বরমাধুর্যে তাঁকে আরো যেন নিবিড় করে পাওয়া যায়।

কবির নিজকণ্ঠে যত গান, আবৃত্তি ও বক্তৃতা রেকর্ড করা হয়েছিল তার সব কিছু এখন আর পাওয়া যায় না, এমন-কি তার কোনো বিস্তারিত তালিকাও দীর্ঘকাল সহজলভ্য ছিল না। কিন্তু যা আছে তার পরিমাণও নেহাত নগণ্য নয়।

নিজ কণ্ঠের রেকর্ড ব্যতীত কবির রচিত গান, নাটক প্রভৃতির রেকর্ডের সংখ্যাও ক্রমবর্ধমান। আর কোনোও দেশের আর কোনও কবির একক সৃষ্টির সঙ্গে তাঁর

কোনো তুলনাই হয় না, কি সংখ্যাগত বিচারে, কি গুণগত বিচারে। সত্যেন্দ্রনাথ দত্ত যে বলেছিলেন—

'জগৎকবিসভায় মোরা
তোমার করি গর্ব,
বাঙালি আজ গানের রাজা,
বাঙালি নয় খর্ব'

সে কথা অক্ষরে অক্ষরে সত্য। বিপুল রবীন্দ্রসাহিত্যের আর কিছুই যদি সৃষ্ট না হোত তবু শুধু গানগুলিই কবিকে চিরস্মরণীয় করে রাখত। বস্তুত বাঙালির গীতি-ঐশ্বর্যভাণ্ডারে কীর্তনের মতো রবীন্দ্রসংগীতও বাঙালির একান্ত নিজস্ব সম্পদ। কবি নিজেও গানের মধ্যেই আত্মপ্রকাশের শ্রেষ্ঠ পথ খুঁজে পেয়েছিলেন। তিনি গেয়েছিলেন—

"গানের ভিতর দিয়ে যখন দেখি ভুবনখানি
তখন তারে চিনি আমি তখন তারে জানি।"

অধ্যাপক ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়কে একবার একখানি চিঠিতে কবি লিখেছিলেন—

"মাঝে মাঝে গান রচনার নেশায় যখন আমায় পেয়েছে তখন আমি সকল কর্তব্য ভুলে তাতে তলিয়ে গেছি। আমি যদি ওস্তাদের কাছে গান শিক্ষা করে দক্ষতার সঙ্গে সেই সকল দুরূহ গানের আলাপ করতে পারতুম তাতে নিশ্চয় সুখ পেতুম, কিন্তু আপন অন্তর থেকে প্রকাশের বেদনাকে গানে মূর্তি দেবার যে আনন্দ সে তার চেয়ে গভীর।"

গানের ভিতর দিয়েই কবি অতি সহজে সাবলীল ভাবে অথচ কি বিপুল বৈচিত্র্যে নিজেকে প্রকাশিত করেছেন। আশৈশব সংগীত সাধনার পরিবেশে মানুষ হয়েছিলেন বলে গানবাজনায় ও সুরসাধনায় সহজ প্রবণতা অতি বালককাল থেকেই তাঁর মধ্যে মূর্ত হয়ে উঠেছিল। ফলে তিনি কেবল জ্যেষ্ঠ ভ্রাতাদের কাছে অভিনন্দিত এবং পিতৃদেবের কাছে পুরস্কৃতই হন নি, তাঁর গান ব্রাহ্ম উপাসনা মন্দিরেও গীত হতে থাকে এবং অচিরে বিশেষ জনপ্রিয় হয়ে ওঠে। তাঁর প্রথম জীবনের কাব্যগ্রন্থ 'সন্ধ্যা সংগীত', 'প্রভাত সংগীত' প্রভৃতি নামকরণেও তাঁর গীতি-প্রিয়তার পরিচয় পাওয়া যায়। 'ব্রহ্ম সংগীত' নামক বিখ্যাত গীতিগ্রন্থের অনেক গান সেই স্ফুটনোন্মুখ কবির হাতে সৃষ্ট হয়েছিল। বর্তমানে রবীন্দ্রসংগীতের ব্যাপক জনপ্রিয়তার সেই ছিল ভিত্তিভূমি। ভগবদ্‌ভক্তির উচ্চগ্রামে বাঁধা ভক্তিরসস্নিগ্ধ সেই সব গান উপাসনা মন্দির থেকে ঘরে ঘরে বিস্তার লাভ করেছিল এবং সেই বিস্তারে সহায়তা করেছিল

প্রথমে ফোনোগ্রাফ, পরে গ্রামোফোন-রেকর্ড। তখনো রেডিও আবিষ্কৃত হয় নি, সবাক চলচ্চিত্র বা দূরদর্শনও ছিল না, কিন্তু রঙ্গমঞ্চের নাটকে রবীন্দ্রনাথের গান তখনই ব্যবহার হতে শুরু হয়েছে। তাঁর ভ্রাতা জ্যোতিরিন্দ্রনাথের লেখা 'সরোজিনী' নাটকের জন্যে 'জ্বল জ্বল চিতা দ্বিগুণ দ্বিগুণ' গানটি হতে সেই যে নাটকের জন্য গান রচনা শুরু হলো তাই ক্রমে নানা গীতিনাট্য ও নৃত্য-নাট্যের বিস্তৃত ক্ষেত্রে প্লাবনধারায় প্রবাহিত হয়েছে।

যদিও তাঁর 'রাজা ও রাণী' নাটকখানি এক সময়ে সাধারণ রঙ্গালয়েও যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছিল এবং 'চিরকুমার সভা', 'বৈকুণ্ঠের খাতা' প্রভৃতি নাটক সৌখিন সম্প্রদায়ে বিপুলভাবে সমাদৃত হয়েছিল, তবু অন্যান্য রবীন্দ্রসংগীত ব্রহ্মসংগীতের মতো জনপ্রিয় হতে বিলম্ব হয়েছিল। প্রথমে ফোনোগ্রাফ এবং গ্রামোফোন রেকর্ড এবং পরে রেডিও, সবাক চলচ্চিত্র ও দূরদর্শন তা জনপ্রিয় করে তুলতে বিশেষ সহায়তা করেছে।

যে সময়ে রেডিও, সবাক চলচ্চিত্র বা দূরদর্শন ছিল না তখনো রেকর্ড খুবই জনপ্রিয় ছিল কিন্তু এখন রেডিও, সবাক চলচ্চিত্র এমন-কি, টেলিভিশনের যুগেও রেকর্ডের কার্যকারিতা নষ্ট হয় নি ; বরং যখন খুশি, যেখানে খুশি, যতবার খুশি বাজিয়ে শোনবার পক্ষে রেকর্ডই একমাত্র উপযুক্ত মাধ্যম, তা সে ডিস্‌ক্ রেকর্ড হোক, টেপ রেকর্ড বা ক্যাসেট হোক। দীর্ঘ সময় ধরে বাজাবার উপযোগী লং প্লেইং রেকর্ড এবং যত্রতত্র রেকর্ড করে নেওয়ার এবং বাজিয়ে শোনবার পক্ষে উপযোগী টেপ রেকর্ড এবং ক্যাসেট যে যুগান্তর এনেছে তার ফলেও রবীন্দ্রসংগীতের প্রসার বৃদ্ধি পাচ্ছে। তবে এ সবই অতি অল্প দিনের ঘটনা ; রবীন্দ্রনাথ শেষ জীবনে যখন বিদেশে গিয়েছেন তখন এ সবের কিছু কিছু প্রচলন শুরু হয়েছিল। তাঁর দেহাবসানের পরেও রেকর্ডিং পদ্ধতির বহু রকম উন্নতি হয়েছে। রেকর্ডিং পদ্ধতির ক্রমবিকাশের ধারাটির সংক্ষিপ্ত তাই আশা করি অপ্রাসঙ্গিক হবে না।

১৮৭৭ খৃষ্টাব্দ। তখন কবির বয়স ষোল বৎসর মাত্র। নবীন যুবক রবীন্দ্রনাথ তখনই সুগায়ক হিসাবে বন্ধুমহলে সুপরিচিত হয়ে উঠেছেন। এই ১৮৭৭ খৃষ্টাব্দেই আমেরিকার বিশ্ববিখ্যাত বৈজ্ঞানিক টমাস অ্যালভা এডিসন তাঁর বাক্‌যন্ত্র বা ফোনোগ্রাফ আবিষ্কার করেন। এই যন্ত্রে একটি চোঙার পাতলা টিনের পাতে (Tin Foil) স্বরকম্পন রেকর্ড করা হত এবং তা আবার বাজিয়ে শোনা যেত। শিল্পী ফ্রান্সিস ব্যারড অঙ্কিত বিখ্যাত "হিজ মাস্টার্স ভয়েস" চিত্রখানিতে যন্ত্রে প্রভুর কণ্ঠে নিজ নাম শুনে একটি কুকুর কেমন তন্ময় হয়ে বসে সে ডাক সাগ্রহে শুনছে তা

দেখানো হয়েছে। বাক্‌যন্ত্রের ঐ আশ্চর্য শক্তি কুকুর অপেক্ষা মানুষের কাছে আরও বিস্ময়কর বোধ হত সন্দেহ নেই এবং কয়েক বৎসরের মধ্যেই ফোনোগ্রাফ যন্ত্র ভারতবর্ষে, বিশেষ করে ভারতের তৎকালীন রাজধানী কলকাতায় আমদানি হতে লাগল। প্রসঙ্গত উল্লেখযোগ্য—"হিজ মাস্টার্স ভয়েস" চিত্রখানি ফ্রান্সিস ব্যারড প্রথমে কুকুরের সুমুখে একটি এডিসনের ফোনোগ্রাফ বসিয়েই এঁকেছিলেন ; পরে যখন গ্রামোফোন কোম্পানী চিত্রখানি ক্রয় করেন (১৮৯৯) এবং নিজেদের উৎপন্ন গ্রামোফোন মেসিন ও রেকর্ডের 'ট্রেডমার্ক' হিসাবে ব্যবহার করতে মনস্থ করেন তখন পুরানো ফোনোগ্রাফ যন্ত্রের বদলে নব-আবিষ্কৃত ডিস্‌ক্ রেকর্ডসহ গ্রামোফোন কুকুরের সুমুখে বসিয়ে চিত্রখানি নতুন করে আঁকানো হয়। ফ্রান্সিস ব্যারডের এই চিত্রখানি এখন জগদ্বিখ্যাত হয়েছে। মূল তৈলচিত্রখানি লন্ডনে ২০ ম্যাঞ্চেস্টার স্কোয়ারে কোম্পানীর হেড অফিস "ঈ. এম. আই. হাউসে" বোর্ডরুমে প্রশস্ত সোনালী ফ্রেমে বাঁধিয়ে দেওয়াল জুড়ে রাখা আছে দেখে এসেছি। ঐ ছবির আদিম রূপের দুষ্প্রাপ্য ফোটোও এই গ্রন্থে দিলাম।

অবশ্য এদেশে যে ফোনোগ্রাফ যন্ত্রের আমদানি হয় তা এডিসনের প্রথম আবিষ্কৃত যন্ত্রের উন্নত সংস্করণ। বেল ও টেইনটার নামক দুজন তরুণ বৈজ্ঞানিক ১৮৮১ খৃষ্টাব্দে এডিসনের যন্ত্রের কিছুটা সংস্কার সাধন করেন। তাঁরাই ধাতব নলের গায়ে মোম লাগিয়ে তার উপর রেকর্ড করে অধিকতর স্পষ্ট ও মিষ্ট স্বর উৎপাদন করতে সক্ষম হন। এই মোম লাগানো নলের রেকর্ড (Cylindrical Wax Record) ব্যবহার করেছেন এদেশে এমন লোক এখনও হয়তো জীবিত আছেন। অবনীন্দ্রনাথ ঠাকুর তাঁর স্মৃতিকথায় এবং আচার্য শ্রীমৎ বিজয়কৃষ্ণ গোস্বামীর জীবনকথায় এই যন্ত্রের উল্লেখ পাওয়া যায়। ডক্টর কালিদাস নাগ প্রসঙ্গক্রমে লিখেছিলেন—

> "স্বদেশী যুগে মোমের রেকর্ডে রবীন্দ্রনাথের নিজের (কণ্ঠের) সুর যা আমরা শুনেছি তাও লুপ্ত হয়েছে ; আধুনিক রেকর্ডে কিছু পুরাতন গান উঠেছে সেটা আশার কথা।"
>
> —সুরের গুরু রবীন্দ্রনাথ, পৃ, ৭৩, ৭৪

এই মোমের রেকর্ডগুলি কেন লুপ্ত হল তারও একটু ইতিহাস আছে।

এডিসনের ফোনোগ্রাফ যন্ত্র আবিষ্কারের এগারো বছর পরে ১৮৮৮ খৃষ্টাব্দে এমিল বার্লিনার নামক একজন তরুণ জার্মান বৈজ্ঞানিক চাকতি রেকর্ড (Disc Record) তৈরীর পদ্ধতি আবিষ্কার করেন। তখন রবীন্দ্রনাথের বয়স সাতাশ বৎসর মাত্র। বার্লিনার তাঁর চাকতি রেকর্ড বাজাবার যন্ত্রের নাম দেন 'গ্রামোফোন'।

বার্লিনারের চাকতি রেকর্ড এখনও সর্বত্র সমাদৃত, তার কারণ এই রেকর্ড ব্যবহার করা সহজ, তৈরী করাও সহজ, ফলে এখন পর্যন্ত এই চাকতি রেকর্ড সর্বত্র চলছে, যদিও তার বহুবিধ উন্নতি ঘটেছে। সিলিন্ড্রিক্যাল রেকর্ড ডিস্‌ক্ রেকর্ডের তুলনায় ব্যবহার করাও অসুবিধাজনক ছিল, বেশী পরিমাণে তৈরী করাও কঠিন ছিল। তাই শেষ পর্যন্ত প্রতিযোগিতার মুখে সিলিন্ড্রিক্যাল রেকর্ড উঠে গেল, আজ আর কোথাও সে শ্রেণীর রেকর্ড তৈরী হয় না।

আমাদের দেশে এক সময়ে ঐ সিলিন্ড্রিক্যাল রেকর্ড খুবই জনপ্রিয় হয়েছিল এবং ১৯০৭ খৃষ্টাব্দে এদেশে গ্রামোফোন কোম্পানী ডিস্‌ক্ রেকর্ডের কারখানা প্রতিষ্ঠা করবার অল্পকাল পর পর্যন্ত সিলিন্ডার রেকর্ড চালু ছিল। ১৯০২ খৃষ্টাব্দে বার্লিনারের আত্মীয় ও প্রথম সহকারী ফ্রেডারিক গেইসবার্গ নামক একজন তরুণ রেকর্ডিং এঞ্জিনিয়ার ভারতীয় সংগীত রেকর্ড করবার উদ্দেশ্যে কলকাতায় আসেন এবং গহরজান, পিয়ারা সাহেব প্রভৃতি তৎকালীন প্রসিদ্ধ শিল্পীদের হিন্দুস্থানী সংগীত রেকর্ড করে বিলাতে নিয়ে যান। জার্মানির হ্যানোভারে রেকর্ড তৈরী হয়ে এদেশে আসে এবং অচিরেই বিশেষ জনপ্রিয় হয়। কলকাতা থেকে লন্ডনে লেখা ওয়াটসন হুডের এক চিঠিতে জানা যায় যে, ৮ নভেম্বর, ১৯০১ তারিখে গ্রামোফোন কোম্পানীর (তখন পরিবর্তিত নাম দি গ্রামোফোন এন্ড টাইপরাইটার লিমিটেড) ভারতীয় শাখা কলকাতায় ৬/১ চৌরঙ্গী রোড ঠিকানায় খোলা হয় *(Gramophone in India* পৃ. ৯)। ১৯০৭ খৃষ্টাব্দে কলকাতায় ১৩৯ বেলেঘাটা মেইন রোডে ভারতের সর্বপ্রথম রেকর্ড কারখানা প্রতিষ্ঠিত হয়। সেটিই হয় সমগ্র এশিয়ায় সর্বপ্রথম রেকর্ড কারখানা। ঐতিহাসিক মূল্য বিবেচনায় সেই কারখানা বাড়ির ছবি এই গ্রন্থে দিলাম।

পূর্বেই বলেছি রবীন্দ্রনাথের বয়স যখন মাত্র ষোল বৎসর (১৮৭৭) তখন ফোনোগ্রাফ যন্ত্র আবিষ্কৃত হয়। সে যন্ত্র ভারতবর্ষে আমদানি হতে বিলম্ব হয়নি। উৎসাহী গবেষক এবং প্রেসিডেন্সী কলেজে ফিজিক্‌স্-এর অধ্যাপক আচার্য জগদীশচন্দ্র বসু ১৮৯১-৯২ খৃষ্টাব্দে (১২৯৮ সালে) প্রেসিডেন্সী কলেজের ল্যাবরেটরিতে এডিসনের ফোনোগ্রাফ যন্ত্রে স্বয়ং রবীন্দ্রনাথের গানই রেকর্ড করেছেন তার লিখিত বিবরণ পাওয়া গেছে 'পরিচারিকা' পত্রিকার জ্যৈষ্ঠ ১২৯৮ সংখ্যায়। সে বিষয়ে পরে বিস্তারিত বলছি।

এই ঘটনার প্রায় এক যুগ পরে খ্যাতনামা গন্ধব্যবসায়ী (Perfumer)

হেমেন্দ্রমোহন বসু এডিসনের ফোনোগ্রাফ যন্ত্র ও সিলিন্ডার রেকর্ডের ব্যবসায়ে নামেন। ব্যবসায় জগতে তিনি 'কুন্তলীন' কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সুপরিচিত ছিলেন। রসরাজ অমৃতলাল বসু রচিত নিম্নোক্ত ছড়াটি তিনি বিজ্ঞাপনে ব্যবহার করতেন—

"কেশে মাখো 'কুন্তলীন'।
রুমালেতে 'দেলখোস্'।
পানে খাও 'তাম্বুলীন'।
ধন্য হোক এইচ বোস"।

হেমেন্দ্রমোহন কেবল গন্ধবস্তুর ব্যবসায়ী ছিলেন না, তিনি যে সাহিত্য-রসিক ছিলেন তার প্রমাণ তাঁর প্রবর্তিত "কুন্তলীন" পুরস্কার। এখন 'আকাদামি পুরস্কার', 'রবীন্দ্র পুরস্কার' প্রভৃতি রাষ্ট্রীয় অভিনন্দনের দ্বারা সাহিত্যিকরা যে সমাদর ও সম্মান লাভ করেন, এক সময়ে "কুন্তলীন" পুরস্কারেই তার সূচনা দেখা দিয়েছিল। কবির নিজের বড় গল্প "কর্মফল" (যা পরে 'শোধবোধ' নামে নাট্যরূপায়িত হয়), কুন্তলীন পুরস্কার গ্রন্থে প্রকাশিত হয়। তার ভূমিকায় কবি লিখেছিলেন—

"আমার রচিত এই ক্ষুদ্র গল্পটি গ্রহণ করিয়া কুন্তলীনের স্বত্বাধিকারী শ্রীযুক্ত হেমেন্দ্রমোহন বসু বোলপুর, ব্রহ্মচর্য্যাশ্রমের সাহায্যার্থে তিন শত টাকা দান করিয়াছেন।" (কলিকাতা, ১৩১০)

সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়ের বেনামীতে লেখা শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'মন্দির' গল্পটি 'কুন্তলীন' পুরস্কার পাওয়াতেও সাহিত্যের ইতিহাসে 'কুন্তলীন' পুরস্কার চিরস্মরণীয় হয়ে আছে।

হেমেন্দ্রমোহন কবির ব্যক্তিগত বন্ধু ছিলেন, কবি প্রায়ই তাঁর গৃহে আসতেন এবং এসে গানও করতেন। উভয় পরিবারে হৃদ্যতা এত সুগভীর ছিল যে হেমেন্দ্রমোহনের কন্যা স্বনামধন্যা গায়িকা শ্রীমতী মালতী (ঘোষাল)-কে ছোট বেলায় কবি নিজেই অনেক রবীন্দ্রসংগীত শিখিয়েছিলেন।

১৯০৬-এর ৫ই ফেব্রুয়ারি দি টকিং মেসিন হল নামে হেমেন্দ্রমোহন বসু তাঁর সিলিন্ডার রেকর্ড বিক্রয় কেন্দ্র প্রতিষ্ঠা করে ব্যবসায়িক ভিত্তিতে রেকর্ডিং করতে শুরু করলে রবীন্দ্রনাথ সেখানে অনেকগুলি গান রেকর্ড করেছিলেন। এই বিষয়ে বিশিষ্ট সাংবাদিক, পরবর্তী কালে 'ক্যালকাটা মিউনিসিপ্যাল গেজেটের' বিখ্যাত সম্পাদক অমল হোম লিখেছিলেন—

'মনে পড়ে শিবনারায়ণ দাস লেনে হেমেন্দ্রমোহনের বাসভবনে যেদিন কবি গান দিতে আসতেন, কর্ণওয়ালিস স্ট্রীটের মুখ থেকে সে সরু গলির দু'ধারে লোক দাঁড়িয়ে যেত। আর আমরা ছেলেরা বসু মশায়ের বাড়িতে অধীর আগ্রহে অপেক্ষা করতাম। রেকর্ড নিখুঁত করবার জন্য কখনো কখনো রবীন্দ্রনাথ যখন একটি গান দু'বার গাইতেন, তখন আমাদের সে অপ্রত্যাশিত আনন্দের সীমা থাকত না।'

—"রবীন্দ্র সঙ্গীত স্মৃতিকথা', 'দেশ' ১৭ই জ্যৈষ্ঠ ১৩৬৫ থেকে পরে 'এক দুই তিন' পুস্তিকায় সংকলিত—(আশ্বিন, ১৩৬৫)

এই সময় কবির বয়স ৪৫/৪৬ বছর, তাঁর কণ্ঠ তখন সতেজ, সুরেলা। তাই মোমের রেকর্ডেও কবির গান খুব স্পষ্ট ও মিষ্ট শোনাতো।

এদেশে রেকর্ডিং যখন শুরু হয়েছিল তখনো বৈদ্যুতিক পদ্ধতিতে স্বরবৃদ্ধির কৌশল বা রেকর্ডিং করবার পন্থা কিছুই আবিষ্কৃত হয় নি। সে সময় যার কণ্ঠে যত জোর থাকত তার রেকর্ড তত স্পষ্ট হোত। ইউরোপে ক্যারুসো, মেলবা প্রভৃতি শিল্পীর উদাত্ত কণ্ঠ উচ্চগ্রামে উঠেও স্পষ্ট ও মিষ্ট থাকত বলে রেকর্ডিং শিল্প গড়ে ওঠা সম্ভব হয়েছিল। সেই যুগেও রবীন্দ্রনাথের কণ্ঠস্বর রেকর্ডে যে স্পষ্ট ও মিষ্ট শোনাতো তাতেই প্রমাণিত হয়, তিনি তখন পর্যন্ত সতেজ সুকণ্ঠের অধিকারী ছিলেন।

অবশ্য তার আরো নানা প্রমাণ আছে, এখানে সংক্ষেপে দু-চারটি প্রসঙ্গের উল্লেখ করছি।

রবীন্দ্র-জীবনীকার শ্রীযুক্ত প্রভাতকুমার মুখোপাধ্যায় কবির বাল্যকালের কথায় মন্তব্য করেছেন, 'কণ্ঠসংগীতের সুরলালিত্যে তিনি বাল্যকালে সকলকে মুগ্ধ করিতেন।' তাঁর সুমিষ্ট কণ্ঠস্বরের কথা শিল্পাচার্য অবনীন্দ্রনাথ ঠাকুর তাঁর স্মৃতিকথায় উল্লেখ করেছেন। তিনি লিখেছেন—

"তখন মাসটা কী মনে পড়ছে না, খুব সম্ভব বৈশাখ। আমের সময়। বসে আছি বাগানে। খুব আম টাম খাওয়া হলো। রীতিমতো পেটের সেবা করে তারপর গান। জ্যোতিকাকা মশায় বললেন, 'রবি গান গাও।'

গান হলেই রবির গান হবে। আমি তখন সাত আট বছরের ছেলে, রবিকাকার দশ বছরের ছোটো। তাঁর তখন সতেরো বছর।

সেই গানটা হলো—

ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর।

গঙ্গার ধারে, জ্যোতিকাকা মশায় হারমোনিয়ম বাজাচ্ছেন। প্রথম সেই গান শুনলুম। সে সুর এখনো কানে লেগে আছে। কী চমৎকার লাগল।"

—'ঘরোয়া', প., ১০৮-৯

অন্যত্র বলেছেন—

"তখন 'খামখেয়ালী'র যুগে রবিকাকাকে দেখেছি, তাঁর তখন কবিত্বের ঐশ্বর্য ফুটে বের হচ্ছে। চারিদিকে নাম ছড়িয়ে পড়ছে। বাড়িতেও তিনি ছিলেন সবার আদরের। কাকা মশায় (গুণেন্দ্রনাথ) যখন সভায় মজলিসে 'রবির গান হোক' বলতেন সে যে কী স্নেহের সুর ঝরে পড়ত। তখন রবিকাকার গাইবার গলা কী ছিল, চারিদিক গমগম করত। বাড়িতে কিছু একটা হলে তখন 'রবির গান' নইলে চলত না। আমরা ছিলুম রবিকাকার অ্যাডমায়ারার। জ্যোৎস্না রাতে ছাদে বসে বসে রবিকাকার গান হোত। সে সব দিন গেছে।"

—'ঘরোয়া', পৃঃ ১১০

ঠাকুরবাড়িতে অনুষ্ঠিত 'বিদ্বজ্জন সমাগম' সভায় তরুণ কবি নিয়মিত গাইতেন। সেই প্রসঙ্গে অবনীন্দ্রনাথ বলেছেন—

"এখনো মনে আছে, সভায় বাবা বলতেন, 'জ্যোতি, তুমি তোমার হারমোনিয়ম বাজাও, রবি সেই গানটি করো—'বলি ও আমার গোলাপ বালা।' ওই গানটি তখন সবার খুব পছন্দ ছিল। থেকে থেকে হুকুম হোত—'গোলাপ বালা' গানটা হোক্।"

—'ঘরোয়া', পৃঃ ১১১

শ্রীমতী হেমলতা ঠাকুর তাঁর স্মৃতিকথায় উল্লেখ করেছেন—

"রবীন্দ্রনাথের বিবাহ হয় ২৪ অগ্রহায়ণ, ১২৯০। নিজের বাড়িতেই বিয়ে হলো। বাসর বসল তার বিবাহের পর বাসের জন্য নির্দিষ্ট ঘরে। তাঁর (কবির) ছোটো কাকিমা ত্রিপুরাসুন্দরী (নগেন্দ্রনাথ ঠাকুরের স্ত্রী) বললেন—

"তুই একটা গান কর্। তোর বাসরে আর কে গাইবে, তুই এমন গাইয়ে থাকতে।"

—"রবীন্দ্রনাথের বিবাহ বাসর", 'সমকালীন' পত্রিকা, বৈশাখ, ১৩৬৮

কবিকণ্ঠের আরো বর্ণনা পাই ১৮৭৫ খৃষ্টাব্দে ১১ ফেব্রুয়ারি কলকাতায় অনুষ্ঠিত হিন্দু মেলায় তাঁর কবিতা আবৃত্তি প্রসঙ্গে। কবি নবীনচন্দ্র সেন 'হিন্দু মেলা'য় উপস্থিত ছিলেন। তিনি তাঁর আত্মজীবনীতে হিন্দু মেলায় রবীন্দ্রনাথের সঙ্গে প্রথম পরিচয়ের কথা উল্লেখ করেছেন। হিন্দু মেলাতে ('ন্যাশনাল মেলা') কবির কণ্ঠে কবিতা ও গান শুনে তিনি মন্তব্য করেছেন—

'মধুর কামিনীলাঞ্ছন কণ্ঠ, এবং কবিতার মাধুর্য্যে ও স্ফুটোন্মুখ প্রতিভায় আমি মুগ্ধ হইলাম ; তাহার দুই একদিন পরে বাবু অক্ষয় চন্দ্র সরকার মহাশয় আমাকে নিমন্ত্রণ করিয়া তাঁহার চুঁচুড়ার বাড়িতে লইয়া গেলে আমি তাঁহাকে বলিলাম যে, আমি ন্যাশনাল মেলায় গিয়া একটি অপূর্ব্ব নবযুবকের গীত ও কবিতা শুনিয়াছি এবং আমার বিশ্বাস হইয়াছে যে, তিনি একদিন একজন প্রতিভাসম্পন্ন কবি ও গায়ক হইবেন।

অক্ষয় বাবু বলিলেন,—"কে ? রবি ঠাকুর বুঝি ? ও ঠাকুরবাড়ীর কাঁচা মিঠা আঁব।'

—'আমার জীবন', তৃতীয় খন্ড, সাহিত্য পরিষদ সংস্করণ; পৃ. ৫৯

হিন্দু মেলায় "হিন্দুমেলার উপহার" নামক যে স্বরচিত কবিতাটি বালক কবি আবৃত্তি করেছিলেন সেটি বাংলা 'অমৃতবাজার পত্রিকা'য় (১৪. ১১. ১২৮১) প্রকাশিত হয়েছিল। তখন মাইক্রোফোন ছিল না। বক্তাকে গলার জোরে স্বীয় বক্তব্য শ্রোতাদের কানে পৌঁছে দিতে হোত। তবু এই হিন্দু মেলার বিবরণ সংবাদ পত্রের রিপোর্ট থেকে জানা যায়, কবির কণ্ঠ শ্রোতাদের পরিতুষ্ট করেছিল।

"Baboo Rabindranath Tagore, the youngest son of Baboo Debendranath Tagore, a handsome lad of some 15* had composed a Bengali poem on Bharat (India) which he delivered from memory; the suavity of his tone much pleased the audience."

—*The Indian Daily News*, 15.2.1875

প্রসঙ্গত উল্লেখযোগ্য, *The Indian Daily News* পত্রিকায় প্রকাশিত এই সংবাদটি-ই যে রবীন্দ্রনাথের বিষয়ে সর্বপ্রথম মুদ্রিত সংবাদ তা গবেষক স্বর্গত ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় আবিষ্কার করেন। পরে অন্যান্য বিশেষজ্ঞরা তাঁর সেই মত সমর্থন করেন।

সতের বছর বয়সে রবীন্দ্রনাথ তাঁর দাদা সত্যেন্দ্রনাথের সঙ্গে প্রথম বার বিলাতে যান। তখন তাঁর গানের গলার বিবরণ দিয়েছেন বিলাতপ্রবাসিনী তাঁর ভ্রাতুষ্পুত্রী ইন্দিরা। তিনি লিখেছেন—

"সেই সময় থেকেই (১৮৭৮) বিলিতী সংগীতের সঙ্গে তাঁর পরিচয় হয় এবং শুনেছি তাঁর সুরেলা জোরালো তার-সপ্তকের চড়া গলা, যাকে ওদেশে বলে 'টেনর' (Tenor)। শুনে ওরা মুগ্ধ হোত। সে বয়সে এর সম্পূর্ণ রসগ্রহণ করবার ক্ষমতা আমার ছিল না। কিন্তু এটুকু মনে আছে যে,

'Won't you tell me, Molly darling'
'Darling, you are growing old,'
'Goodbye, sweetheart, goodbye'

প্রভৃতি তখনকার জনপ্রিয় গানগুলি তিনি গাইতেন।"

—'রবীন্দ্রস্মৃতি', ইন্দিরা দেবী চৌধুরানী, পৃ. ১৫, ১৬

যৌবনে রবীন্দ্রনাথের কণ্ঠস্বর যে কত মধুর ছিল তার বিবরণ দিয়েছেন প্রমথ চৌধুরী (বীরবল)। তিনি লিখেছেন—"গলা ছিল তাঁর আশ্চর্য। ... রবীন্দ্রনাথ

---

* কবির বয়স তখন ১৩ বছর ৮ মাস

বন্ধু হিসেবে আমাদের বাসায় প্রায় প্রত্যহই আসতেন এবং প্রায় প্রত্যহই তাঁর স্বরচিত গান শুনতুম।"

—"পূর্বস্মৃতি", "গীতবিতান বার্ষিকী", ১৩৫০, পৃ. ৫৩

রবীন্দ্রনাথ যখন কুষ্টিয়ায় জমিদারির কাজ পরিদর্শন করতেন তখন একবার নবীনচন্দ্রের আমন্ত্রণে রাণাঘাটে গিয়েছিলেন। নবীনচন্দ্র কবিকে সস্নেহে সাদরে নিজগৃহে অভ্যর্থনা করলেন। এই সময় রবীন্দ্রনাথ নবীনচন্দ্রের অনুরোধে সেখানে গান করেছিলেন। যুবক রবীন্দ্রনাথের সতেজ সুললিত কণ্ঠের ব্যঞ্জনা কবি নবীনচন্দ্রকে কতদূর মুগ্ধ করেছিল সে কথাও তাঁর স্মৃতিকথায় বিস্তারিত ভাবেই উল্লেখ করেছেন। তিনি লিখেছেন—

"আমরা তখন তাঁহাকে একটি গান গাইতে বিশেষ অনুরোধ করিয়া, হারমোনিয়ম্‌টি তাঁহার সমক্ষে দিলাম। তিনি বলিলেন, তিনি কোনও যন্ত্রের সঙ্গে গাইতে ভালবাসেন না। কারণ, যন্ত্রে গলার মাধুর্য্য ঢাকিয়া ফেলে। তিনি একটি মাত্র পর্দ্দা কিছুক্ষণ টিপিয়া, সুরটি মাত্র স্থির করিয়া যন্ত্র ছাড়িলেন। তাহার পর পকেট হইতে একখানি কাগজ বাহির করিয়া একটি নূতন কীর্ত্তন গান রচনা করিয়া আনিয়াছেন বলিয়া, উহা গাইতে লাগিলেন। আমি এমন সুন্দর গান অতি অল্পই শুনিয়াছি।

"এস এস ফিরে এস
বঁধু হে ফিরে এস।
আমার ক্ষুধিত তৃষিত তাপিত চিত
নাথ হে! ফিরে এস।
ইত্যাদি

...

"একে এই সুললিত রচনা, অপূর্ব্ব কবিত্ব ও প্রেম ভক্তির উচ্ছ্বাস, তাহাতে রবিবাবুর কামিনী-লাঞ্ছিত বংশী-বিনিন্দিত মধুর কণ্ঠ। আমার বোধ হইতে লাগিল, কণ্ঠ একেবারে গৃহ পূর্ণ করিয়া, ছাদ ভিন্ন করিয়া, আকাশ মুখরিত করিতেছে। আবার যেন শিশুর কোমল অস্ফুট কণ্ঠের মত কর্ণে কোমল মধুর স্পর্শমাত্র অনুভূত হইতেছে। গীত শুনিতে শুনিতে আমি আত্মহারা হইলাম।"

—'আমার জীবন', তৃতীয়ভাগ, সাহিত্য পরিষদ সংস্করণ, পৃ. ৬১-৬৩

রবীন্দ্রনাথের গান যেদিন প্রথম শুনেছিলেন সেদিনের অভিজ্ঞতার কথা বর্ণনা করেছেন স্বনামধন্য রবীন্দ্র-বিশেষজ্ঞ 'রবিরশ্মি'-প্রণেতা চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়। সময়— ১৮৯৬ অর্থাৎ রবীন্দ্রনাথ তখন ৩৫ বছর বয়সের যুবক। স্থান— ইউনিভার্সিটি ইনস্টিটিউট হল। চারুবাবু নিজে তখন ফার্স্ট আর্টস পড়েন। তিনি সেদিনের সুখস্মৃতি এভাবে লিখেছেন—

'ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলে সকল কলেজের আবৃত্তি প্রতিযোগিতার সভায় তিনি (কবি) অন্যতম বিচারক ছিলেন, অপর দুজন বিচারক ছিলেন কবিবর নবীন সেন ও হীরেন্দ্র দত্ত মহাশয়। সেদিনও সকল শ্রোতা ও দর্শকেরা সভায় কার্যশেষে চীৎকার জুড়ে দিলে "রবিবাবুর গান, রবিবাবুর গান।" রবিবাবু অনুরোধ অস্বীকার ক'রে লজ্জাস্মিত মুখে কেবলই ধীরে ধীরে মাথা নাড়ছেন। তবু তাঁকে গাইতে পীড়াপীড়ি করা আমার কাছে অত্যন্ত বেআদবী মনে হলো। আর মনে হলো যে এমনই বা কি গান যা শোনবার জন্য এমন কাঙ্গলামি করতে হ'বে। আমি বিরক্ত হ'য়ে সভা ত্যাগ ক'রে বেরিয়ে যাচ্ছিলাম, দ্বারের কাছে গিয়ে পৌঁছেছি, হঠাৎ আমার কানে অশ্রুতপূর্ব মধুর কণ্ঠের স্বরমূর্ছনা ভেসে এসে প্রবেশ করল, আমি অকস্মাৎ অপ্রত্যাশিত এক অতীন্দ্রিয় রাজ্যে নীত হয়ে চট ক'রে ফিরে দাঁড়িয়ে দেখলাম, রবিবাবু গান আরম্ভ করেছেন।....দ্বার প্রান্তে দাঁড়িয়েই মন্ত্রমুগ্ধ স্তম্ভিতের মতন গান শুনতে লাগলাম। সে যেন মনুষ্যকণ্ঠের স্বর নয়। যেমন মধুর তেমনি তীক্ষ্ণ, স্পষ্ট, আর গানের ভাষা সুরের সঙ্গে পাল্লা দিয়ে চলেছে। তিনি সেদিন গাইলেন—

'আমায় বোলো না গাহিতে বোলো না'।

তখন আমার নবীন মনে স্বদেশ প্রেমের রঙীন নেশা নূতন লেগেছিল, তাই রবীন্দ্রনাথের এই সঙ্গীত আমাকে একেবারে মোহাবিষ্ট ক'রে ফেলে।'

"রবীন্দ্র-পরিচয়", 'উত্তরায়ণ' (মাসিক পত্রিকা), বৈশাখ ১৩৪৬, পৃ. ৩৬৮।

রবীন্দ্রনাথের গানের মতো তাঁর আবৃত্তি প্রসঙ্গেও চারুবাবু ঐ ইউনিভার্সিটি ইনস্টিটিউটে আর এক অধিবেশনে রবীন্দ্রনাথকে "গান্ধারীর আবেদন" আবৃত্তি করতে শুনেছিলেন। তাঁর মনে হয়েছিল—'সে কী কণ্ঠস্বর, কী সুন্দর উচ্চারণ, কী কবিত্ব-মধুর ওজস্বী ভাষা। সমস্ত শ্রোতা স্তব্ধ হয়ে শুনতে লাগল।'

—তদেব, পৃ. ৩৮৮

কবি নিজেও কথাপ্রসঙ্গে নিজ কণ্ঠস্বরের কথা বহুবার উল্লেখ করেছেন। একটা উদ্ধৃতি তুলে এ প্রসঙ্গ শেষ করি—

"আমার অল্প বয়সের সে-গলা আর নাই। তোমাদের এখন আর কী শোনাব? পেয়েছিলাম বটে একটা গলার মত গলা। কিন্তু ভগবান দিয়ে কেড়ে নিয়েছেন, এখন কি আর গাইতে ইচ্ছে করে? সেই শেষ গেয়েছিলুম তারক বাবুর বাড়ীতে কংগ্রেস কমিটির অধিবেশনে। সেদিন বলতে কি, নিজের দেশ এবং জাতির উপর ধিক্কারে রাগ করেই, সেই সভাতেই সুর বসিয়ে গলা ছেড়ে দিয়েছিলুম—

"আমায় বোলো না গাহিতে বোলো না!
একি শুধু হাসি-খেলা, প্রমোদের মেলা
শুধু মিছে কথা ছলনা।"

"গলার মত গলা সর্বসাধারণকে সেই শেষ শুনিয়েছি। তখন মধ্যমে ধরে ছেড়ে

দিতুম সুর, পাখির মত সে উড়ে চলত সুরের ধাপে ধাপে পর্দায় পর্দায়।"

—"রবীন্দ্রনাথ" (শ্রীমতী প্রতিমা দেবীর স্মৃতিকথা), 'মাসিক বসুমতী', (বৈশাখ ১৩৬৯, পৃ. ৫৬)

কবির কণ্ঠ এই সময় কত সতেজ ও সুমিষ্ট ছিল এখনকার রেকর্ড শুনে তা অনুমান করা যাবে না। শুনেছি কবি ফ্যারেনজাইটিস নামক কণ্ঠনালির অসুখে ভুগেছিলেন, তাতেও স্বরমাধুর্য নষ্ট হতে পারে। তা ছাড়া বয়োবৃদ্ধিজনিত স্বরপরিবর্তন নিত্য-রেওয়াজ করা ওস্তাদের গলাতেও ধরা পড়ে, কবি তো কখনোই তেমন ভাবে নিয়মিত কণ্ঠসাধনা করতেন না। তাঁর কণ্ঠস্বর যে কতটা পরিবর্তিত হয়েছিল তার উল্লেখ পাই ১৯১৩ খৃষ্টাব্দে ম্যানচেস্টার কলেজে কবির বক্তৃতার বিবরণে। ঐ বক্তৃতাসভায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন বাগীশ্বরী অধ্যাপক শহীদ সুরাবর্দী তখন ছাত্র হিসাবে উপস্থিত ছিলেন। তিনি লিখেছেন—

"One thing I noticed that afternoon in the vast hall of Manchester College, cramful with a brilliant and awe-inspired crowd of Professors, Dons and Undergraduates that the Poet's voice was ill-suited to large audiences. Even in private conversation when he first spoke to me, I was struck by a certain discripancy between his appearance on which nature had showered her most exquisite gift of beauty and dignity, and his voice which did not seem to belong to his magnificent exterior. In itself the voice was melodious and expressive but it might have belonged to any one else. It possessed a fine timbre but lacked in tonality."

"Tagore in Oxford", by Sahid Suhrawardy,
Tagore Memorial Special Supplement,
Calcutta Municipal Gazette.

এই ঘটনার সময় কবির বয়স ৫২ বৎসর। তৎকালে তাঁর কণ্ঠস্বরে এই tonality-র অভাব রেকর্ডের স্বরেও লক্ষ্য করা যায়।

তবে সুখের বিষয় কণ্ঠস্বরের কথঞ্চিৎ ইতর বিশেষ ঘটলেও কবি তা নিয়ে বক্তৃতা, আবৃত্তি, এমন-কি গান করতেও কুণ্ঠিত হন নি, দেশে এবং বিদেশেও বহুবার তাঁর কণ্ঠস্বর বৃদ্ধ বয়স পর্যন্ত রেকর্ড করা হয়েছে।

প্রথম পর্যায়

কবিকণ্ঠের রেকর্ড মোটামুটি চারটি পর্যায়ে ভাগ করা যায়। প্রথম পর্যায়ে সিলিন্ডার রেকর্ড করা হয়েছিল। কবে তিনি সিলিন্ডারে প্রথম রেকর্ড করেছিলেন সে বিষয়ে 'রবিজীবনী' গ্রন্থের তৃতীয় খণ্ডের ১৭৮ পৃষ্ঠায় প্রখ্যাত গবেষক শ্রদ্ধেয় প্রশান্তকুমার পাল নিম্নোক্ত সংবাদটি পুরাতন পত্রিকা থেকে উদ্ধার করেছেন :

'প্রেসিডেনসি কলেজে যে (ফোনোগ্রাফ) যন্ত্রটি আসিয়াছে, বিজ্ঞানের অধ্যাপক শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু তন্মধ্যে ব্রাহ্ম সমাজের গায়ক গায়িকা কয়টি নরনারীর গীত সঞ্চয় করিয়া রাখিয়াছেন। ... এ সম্বন্ধে সম্প্রতি একটি বড়ো মজার তামাসা হইয়া গিয়াছে। কোনো বাবু কুকুর বিড়াল পাখীর ডাক ডাকিয়াছিলেন, একটি নলে তাহা রক্ষিত ছিল। পরে সেই নলে বাবু রবীন্দ্রনাথ ঠাকুরের কণ্ঠস্বরে শুদ্ধ ঈশ্বরের মহিমা প্রতিপাদক একটি গান রাখা হয়। একদিন যন্ত্রটি ঐ গান গাইতেছিল। শ্রোতাগণ শুনিতেছিলেন। গান গাইতে গাইতে হঠাৎ তাহার ভিতর হইতে ঘেউ ঘেউ রবে কুকুরের শব্দ বাহির হইয়া পড়িল। কোথায় ঈশ্বরের মহিমা সঙ্গীত আর কোথায় কুকুরের শব্দ। পূর্ব্ব-রক্ষিত কুকুরের শব্দ ভালো করিয়া মুছিয়া ফেলা হয় নাই, এই জন্য হঠাৎ কুকুর ডাকিয়া উঠে।'

'পরিচারিকা' (পত্রিকা), জ্যৈষ্ঠ, ১২৯৮, পৃ. ২৬

শতবর্ষ পূর্বে প্রকাশিত এই সংবাদে যে সময়ের রেকর্ডিং-এর কথা বলা হয়েছে সেটি ইং ১৮৯১-৯২ খৃষ্টাব্দ। সে সময়ে রবীন্দ্রনাথের একত্রিশ বর্ষের সময়ের ঘটনা বলা হয়েছে। এর এক দশকেরও কিছু পরে 'কুন্তলীন' কেশতৈল প্রস্তুতকারী বিখ্যাত পারফিউমার হেমেন্দ্রমোহন বসু (H. Bose) ব্যবসায়িক ভিত্তিতে সিলিন্ডার রেকর্ড তৈরী শুরু করেন এবং রবীন্দ্রনাথের নিজকণ্ঠের অনেক গান ও আবৃত্তি রেকর্ড করেন। বহু অনুসন্ধানের পর ড. সুকুমার সেনের বর্ধমানের বাড়ি থেকে এইচ. বোসের মার্চ ১৯০৬ সালের প্রাচীন সিলিন্ডার এবং ডিসক্ রেকর্ডের যে ক্যাটালগ পাই তা থেকে গুরুত্বপূর্ণ অংশ তুলে দিচ্ছি। যে যন্ত্রটিতে হেমেন্দ্রমোহন তাঁর সিলিন্ডার রেকর্ড তৈরী করতেন তার ভগ্নাবশেষ এবং কবিকণ্ঠে 'বন্দে মাতরম' গান ও 'সোনার তরী' আবৃত্তির ডিসক্ রেকর্ড হেমেন্দ্রমোহন বসুর আমহার্স্ট স্ট্রীটের বাসভবনে খুঁজে পেয়েছিলাম।

প্যাথিফোন রেকর্ডের ক্যাটালগের ভূমিকাটি এখানে উদ্ধৃত করছি। কারণ এই ভূমিকায় তৎকালীন রেকর্ডিং জগতের ছবিটি পরিস্ফুট হয়েছে।

প্যাথিফোন

সম্ভ্রান্ত গায়কগণ কর্তৃক গীত প্যাথি ১১ ইঞ্চি বাংলা রেকর্ড

আমাদের নিবেদন

'এই উন্নতিশীল জগতে আজ যাহা নূতন ও বিস্ময়কর কাল তাহা পুরাতন হইয়া যায়। পূর্ব্ব আবিষ্কৃত বাক্‌যন্ত্রে যে সমস্ত অসুবিধা ও অস্বাভাবিকতা ছিল তাহা আমাদিগের প্যাথি যন্ত্র এক কালে সমস্ত দূর করিয়া দিয়াছে। সম্প্রতি বিজ্ঞানের নূতন

আবিষ্কারের দ্বারা স্বাভাবিকতার দিকে আমরা ক্রমশ অধিকতর অগ্রসর হইতে সক্ষম হইয়াছি। পূর্ব্বে যে সামান্য মাত্র নাকি সুর ছিল তাহা একেবারে তিরোহিত হইয়াছে। সংগীত রেকর্ড করিবার যে নূতন পদ্ধতি আবিষ্কৃত হইয়াছে তাহার সাহায্যে আমরা এতদূর কৃতকার্য্য হইয়াছি যে গান হইবার সময় মনে হয় গায়ক যেন পার্শ্বে বসিয়া সংগীতাদি করিতেছেন। আমাদিগের কথা সত্য কিনা তাহা আপনারা স্বকর্ণে শুনিয়া সন্দেহ দূর করুন।

"এক্ষণে বাজারে বিভিন্ন প্রকার কলের গানের রেকর্ড পাওয়া যায় কিন্তু সকলেই দুঃখ করেন যে তাহাতে ভালো গানের সংখ্যা অতি অল্প ; আমরা সেই অভাব একেবারে দূর করিবার চেষ্টা করিয়াছি। এবারে নূতন রেকর্ডে ভালো গানের সংখ্যা কত আছে তাহা এই তালিকা পাঠ করিয়া জানিতে পারিবেন। সংগীত তালিকার সঙ্গে আমরা এই পুস্তকের শেষাংশে গান মুদ্রিত করিলাম। পরিশেষে বক্তব্য এই, দেশের অনেক ভদ্রলোক আপত্তি করিয়া থাকেন যে সম্ভ্রান্ত সৌখীন গায়কগণের নাম বাজারের যার তার নামের সহিত একত্রে সংশ্লিষ্ট হয় কেন। আর সেই জন্য এতদিন পর্য্যন্ত অনেক সম্ভ্রান্ত গায়কের সংগীতনৈপুণ্য সাধারণ সমক্ষে প্রকাশিত হয় নাই। আমরা এই অসুবিধা মোচন করিয়া তাঁহাদিগের সংগীতাদি পৃথকভাবে মুদ্রিত করিলাম। দেশের যে সমস্ত সুগায়কবৃন্দের কণ্ঠস্বর শ্রবণমাত্রে প্রাণ স্নিগ্ধ করিয়া দেয়, যাহাদের মধুর সংগীতালাপ চিরস্থায়ী করিবার উপযুক্ত, আমরা সেই গায়কদের কলকণ্ঠ আপনাদিগের পরিতৃপ্তি কামনায় আমাদিগের এই প্যাথি রেকর্ডে সংগ্রহ করিয়া সৌভাগ্যান্বিত হইয়াছি। আশা করি ভবিষ্যতে অন্যান্য সুগায়কের কণ্ঠস্বর আপনাদিগের নিকট উপস্থিত করিতে পারিব।

11 Inches Double-sided Pathe Bengali Discs

By

Distinguished Amateurs

'সম্ভ্রান্ত ভদ্র মহোদয়গণ কর্তৃক গীত'

১১ইঞ্চি ডবল সাইডেড বাঙ্গালা প্যাথি রেকর্ড

Rs. 3/- each প্রত্যেকখানি ৩ টাকা

এই 'সম্ভ্রান্ত ভদ্র মহোদয়গণ কর্তৃক গীত' রেকর্ড তালিকায় সর্বপ্রথম নাম রবীন্দ্রনাথের। কবির রেকর্ড তালিকা দিবার পূর্বে নিম্নোক্ত ভূমিকাটুকুও লক্ষণীয়—

"স্বনামধন্য কবিকুলশ্রেষ্ঠ সুকণ্ঠ রবীন্দ্রনাথের আর কি পরিচয় দিব ? বঙ্গের গৃহে গৃহে আবালবৃদ্ধবনিতা সকলেই রবিবাবুর সর্ব্বতোমুখী প্রতিভা ও যশোরাশির বিষয় সম্যক অবগত আছেন। কোন সভায় বা সাধারণ উৎসব ক্ষেত্রে তাঁহার কণ্ঠনিঃসৃত সংগীতলহরী শ্রবণ করিবার আশায় লোকে এক কালে উন্মত্ত হইয়া ছুটিত। আমরা যে সেই রবীন্দ্রনাথের কলকণ্ঠ রেকর্ড করিয়া চিরস্থায়ী করিতে পারিয়াছি এই আমাদের পরম সৌভাগ্য। তাঁহার কণ্ঠস্বর গৃহে বসিয়া শুনিতে কাহার না লালসা হয় ? আমাদের নিকটে তাঁহার দুইখানি মাত্র রেকর্ড আছে।

36369 সোনার তরী (স্বরচিত কবিতা আবৃত্তি)
ইহার মাধুর্য্য রবিবাবু স্বকণ্ঠে কত সুন্দর ভাবে প্রতিফলিত করিয়াছেন তাহা স্বকর্ণে না শুনিলে ভাষায় বর্ণনার অতীত।

36250 বন্দে মাতরম্
বঙ্গের গৌরব অমর বঙ্কিমচন্দ্রের প্রাণোন্মত্তকারী জাতীয় সংগীত। এতদুপরি স্বয়ং রবিবাবু তাহার গায়ক।"

প্যাথিফোন ক্যাটালগেই কবি সুরেন্দ্রনাথ মৈত্রের বিষয়ে বলা হয়েছে—

'কলিকাতা প্রেসিডেন্সী কলেজের বিজ্ঞানের সুযোগ্য অধ্যাপক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বাল্যকাল হইতে সঙ্গীতালোচনা করিয়া আসিতেছেন। ইঁহার কণ্ঠস্বর সুললিত ও কোমল, এমন-কি দূর হইতে কবির কণ্ঠ বলিয়া ভ্রম হয়। কবিবর রবীন্দ্রনাথের গীতগুলি ইনি রবিবাবুর নিকটে শিক্ষা করিয়াছেন ; সুতরাং সেগুলি যে সকলের মনোরঞ্জন করিবে তাহাতে সন্দেহ নাই।'

33044 ব্রহ্ম সঙ্গীত— বহে নিরন্তর আনন্দ ধারা

33045 বেহাগ— দাঁড়াও আমার আঁখির আগে
যেমন ভক্তিপূর্ণ রচনা, তেমনি ভক্তিভাবে গীত, প্রাণে আনন্দের সঞ্চার করে।

দি টকিং মেসিন হল, মার্বেল হাউস কলকাতা থেকে প্রকাশিত 'এইচ. বোসেস রেকর্ড'-এর ক্যাটালগ (মার্চ, ১৯০৬) দ্বিতীয় খণ্ডে কবিকণ্ঠের নিম্নোক্ত রেকর্ডগুলির উল্লেখ আছে। —

এইচ. বসুর রেকর্ড। শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক গীত

৩৫১ সার্থক জন্ম। (সার্থক জনম আমার জন্মেছি এই দেশে)

৩৫২ পথের গান। (আমরা পথে পথে যাব সারে সারে)

৩৫৩ দেশের মাটি । (ও আমার দেশের মাটি তোমার 'পরে ঠেকাই মাথা)
৩৫৪ দ্বিধা । (বুক বেঁধে তুই দাঁড়া দেখি, বারে বারে হেলিস নে ভাই)
৩৫৫ হবেই হবে । (নিশিদিন ভরসা রাখিস, ওরে মন হবেই হবে)
৩৫৬ বান । (এবার তোর মরা গাঙে বান এসেছে)
৩৫৭ একা । (যদি তোর ডাক শুনে কেউ না আসে)
৩৫৮ মাতৃমূর্ত্তি । (আজি বাংলা দেশের হৃদয় হতে কখন আপনি)
৩৫৯ বাউল । (যে তোমায় ছাড়ে ছাড়ুক)
৩৬০ ,, (যে তোরে পাগল বলে)
৩৬১ ,, (যদি তোর ভাবনা থাকে ফিরে যা না)
৩৬২ ,, (আপনি অবশ হলি তবে বল দিবি তুই কারে)
৩৬৩ প্রয়াস (তোর আপন জনে ছাড়বে তোরে)
৩৬৪ বাউল (ঘরে মুখ মলিন দেখে গলিস নে-ওরে ভাই)

বহু সন্ধানেও এইচ. বসুর রেকর্ডের আর কোনো তালিকা সংগ্রহ করতে পারি নি, তবে এটা শুনেছি, কবিকণ্ঠের আরো অনেক রেকর্ড সিলিন্ডারে বেরিয়েছিল, অনেক গান কেবল সিলিন্ডারে তোলা হয়েছিল, বাজারে ছাড়া হয় নি, এমন সময় বঙ্গভঙ্গ আন্দোলনের পরবর্তী কালে ইংরেজ পুলিশ হেমেন্দ্রমোহন বসুর শিবনারায়ণ দাস লেনের বাড়িতে এসে স্বদেশী গান মনে করে সেই সব মূল্যবান সিলিন্ডার নষ্ট করে ফেলে। কলকাতায় প্লেগের প্রাদুর্ভাবের সময়ে আর একবার করপোরেশন কর্তৃপক্ষ হেমেন্দ্রমোহনের রেকর্ড কারখানার কাগজপত্র সব পুড়িয়ে ঘরবাড়ি বীজাণুমুক্ত করেন, তার ফলে বহু মূল্যবান নমুনা, ক্যাটালগ প্রভৃতি নষ্ট হয়ে যায়॥ শুনেছি ডিস্‌ক্ রেকর্ডের সঙ্গে প্রতিযোগিতায় সিলিন্ডার হটে যেতে থাকে, তার জন্যই হেমেন্দ্রমোহন তার বৈদেশিক সরবরাহকারী ফ্রান্সের প্যাথি কোম্পানীর সঙ্গে বন্দোবস্ত করেন—সিলিন্ডার থেকে গান ডিস্‌কে পরিণত করে পাঠাবার। কাজ শুরু হয়েছিল, প্যাথিফোনের পৃথক ক্যাটালগও বেরিয়েছিল, কবিকণ্ঠের চল্লিশখানিরও বেশী সিলিন্ডার ফ্রান্সে পাঠানো হয়েছিল ডিস্‌কে পরিবর্তিত করিয়ে আনবার জন্য। এমন সময় প্যাথি রেকর্ড ব্যবসায় থেকে সরে গিয়ে সদ্য আবিষ্কৃত চলচ্চিত্র ব্যবসায়ে লিপ্ত হলো। হেমেন্দ্রমোহনের সকল চেষ্টা ব্যর্থ হলো, কবিকণ্ঠের সেই সিলিন্ডারগুলি আর উদ্ধার করা গেল না। গ্রামোফোন কোম্পানীর কলকাতার কারখানা থেকে তখন নিয়মিত নতুন নতুন রেকর্ড বেরুচ্ছে। বিদেশ হতে অন্য অন্য কোম্পানীর ডিসক্ রেকর্ডও আমদানি হওয়া শুরু হয়েছিল, তার মধ্যে ছিল ইন্টারন্যাশানাল টকিং মেশিন কোম্পানীর ওডিঅন (Odeon) রেকর্ড। তাতে রবীন্দ্রসংগীতও বের হয়েছিল। এই সব প্রতিযোগিতার ফলে সিলিন্ডার রেকর্ডের বাজার একেবারেই মন্দা হয়ে গেল এবং হেমেন্দ্রমোহন তাঁর রেকর্ডের কারখানা তুলে দিলেন। ১৯১৬ খৃষ্টাব্দে ২৮

আগষ্ট এই উদ্যোগী পুরুষের দেহাবসান ঘটে।

হেমেন্দ্রমোহন যে যন্ত্রে কবিকণ্ঠ রেকর্ড করেছিলেন সেটির ভগ্নাবশেষের গায়ে একখানি তাম্রফলকে উৎকীর্ণ টমাস অ্যালভা অ্যাডিসনের স্বাক্ষর এবং ১৬টি তারিখের বিবরণ দেখা যায়। গ্রন্থমধ্যে যন্ত্রটির আলোকচিত্রের সঙ্গে তাম্রফলকটির পূর্ণ বিবরণ দেওয়া হলো। এই তারিখগুলির সর্বশেষটি হলো ৩১ মে, ১৮৯৮ ; তা হলে হেমেন্দ্রমোহন ঐ যন্ত্রটি ১৮৯৮-এর শেষে বা ১৮৯৯ সালের আগে কিছুতেই এদেশে আনতে পারেন নি, ১৯০০ সালে আনলেও আশ্চর্য হওয়ার কিছু নেই। শুধু এই প্রসঙ্গে স্মরণীয়, ১৮৮৮ খৃষ্টাব্দে আমেরিকায় বার্লিনার ডিসক্ রেকর্ড আবিষ্কার করেছিলেন, যদিও ১৮৯৬ খৃষ্টাব্দের আগে তার পেটেন্ট পান নি। কলকাতায় ১৯০১ খৃষ্টাব্দে গ্রামোফোন কোম্পানীর শাখা প্রতিষ্ঠার পর ১৯০২ খৃষ্টাব্দে ফ্রেডারিক গেইসবার্গ প্রথম ভারতবর্ষে এসেছিলেন। তিনি সে সময়ে এদেশ থেকে যে-সব গান রেকর্ড করে নিয়েছিলেন তা হ্যানোভারের (জার্মানি) ফ্যাক্টরীতে তৈরী হয়ে এদেশে বিক্রয়ার্থে এসেছিল এবং সহজেই জনপ্রিয় হয়েছিল। অবশ্য সে সময়ে ডিসক্ রেকর্ড এক দিক মাত্র বাজত, অপর দিকে হয় শুধু ট্রেডমার্ক আঁকা থাকত, নতুবা কিছুই থাকত না। প্যাথিফোন থেকে হেমেন্দ্রমোহন যে ডিসক্ রেকর্ড করিয়ে এনেছিলেন তা নিঃসন্দেহে অনেক পরের ঘটনা, কারণ সেই রেকর্ডের যে নমুনা আমি দেখেছি তার দু'দিকেই গান বাজত। দুই পিঠ বাজাবার মতো রেকর্ড সর্বপ্রথম প্রবর্তন করেন ইন্টারন্যাশানাল টকিং মেশিন কোং (এম. বি. এইচ.)-এর প্রেসিডেন্ট এফ্. এম. প্রেসকট। ১৯০৪ খৃষ্টাব্দে ওডিঅন (Odeon) লেবেলে ইউরোপে সর্বপ্রথম দুপিঠ বাজাবার রেকর্ড বের হয় এবং আশাতীত সাফল্য অর্জন করে। বলা বাহুল্য অবিলম্বে অন্য সকল কোম্পানীই তাদের নিজ নিজ লেবেলে দু'পিঠ বাজাবার উপযোগী রেকর্ড বের করে প্রেসকটের প্রদর্শিত পথ অনুসরণ করে। প্যাথিও তার অন্যথা করে নি। হেমেন্দ্রমোহন প্যাথির কাছ থেকে যখন দু'পিঠ বাজাবার উপযোগী রেকর্ড সরবরাহ পেয়েছেন তখন তা নিশ্চয়ই ১৯০৪ সালের পরের ঘটনা।

প্রসঙ্গত বলে রাখি, ইন্টারন্যাশানাল টকিং মেশিন কোম্পানীর ওডিঅন রেকর্ডেও রবীন্দ্রসংগীত প্রকাশিত হয়েছিল। তবে কবির নিজকণ্ঠের কোনো রেকর্ড নয়। ওডিঅন যেমন প্রথম দু'পিঠ বাজাবার রেকর্ড প্রবর্তন করে তেমনি ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন ভাষায় রেকর্ড করতেও অগ্রসর হয়। প্রেসকট নানা ঘাতপ্রতিঘাতের মধ্য দিয়ে রেকর্ড ব্যবসায়ে যে অভিজ্ঞতা সঞ্চয় করেছিলেন তার ফলে তিনি প্রথম হতেই ওডিঅন রেকর্ডের পরিচালনায় অনেকগুলি বৈশিষ্ট্য ও বৈচিত্র্য এনেছিলেন। ভারতবর্ষে তাঁর প্রতিনিধিরাও এদেশীয় ভাষার শ্রেষ্ঠ ও জনপ্রিয় গান নির্বাচন করে

রেকর্ড করে জার্মানিতে পাঠাতেন রেকর্ড তৈরী করতে। ওডিঅন রেকর্ড লেবেলে যে থাম ও গম্বুজওয়ালা বড়ো বাড়িটির ছবি দেখা যায় ওটি জার্মানির বিখ্যাত 'ওডিঅন থিয়েটার বাড়ি ; ওই বিখ্যাত থিয়েটারের নামেই রেকর্ডেরও নাম রাখা হয়েছিল। এখন যেমন আমেরিকার একটি বৃহৎ রেকর্ড কোম্পানির নাম 'ক্যাপিটল' (Capitol), তাদের লেবেলেও রয়েছে আমেরিকার রাজধানী ওয়াশিংটনে অবস্থিত 'ক্যাপিটল' প্রাসাদটির গম্বুজচিত্র।

এক সময়ে ওডিঅন রেকর্ড এদেশে বেশ জনপ্রিয় হয়েছিল, কিন্তু বিদেশ থেকে আমদানি করা রেকর্ড এদেশে তৈরী 'হিজ মাস্টার্স ভয়েস' রেকর্ডের সঙ্গে প্রতিযোগিতায় দীর্ঘদিন টিকতে পারে নি। পরে বিলাতে ওডিঅন রেকর্ডের মালিকানা হস্তান্তর হয় ; বর্তমানে 'ওডিঅন', 'হিজ মাস্টার্স ভয়েস' সব একই গোষ্ঠীভুক্ত।

যাই হোক, ওডিঅন রেকর্ডের বাংলা তালিকায় অনেক রবীন্দ্রসংগীত স্থান পেয়েছিল, কিন্তু সে যুগে সংগীত-রচয়িতার নাম লেবেলে দেওয়ার প্রথা ছিল না বলে কবির নাম রেকর্ডে দেখা যায় না। একখানি প্রাচীন ওডিঅন রেকর্ডের লেবেলচিত্র এই গ্রন্থে সন্নিবিষ্ট করা হয়েছে—তাতে সত্যভূষণ গুপ্তের কণ্ঠে 'সার্থক জনম আমার জন্মেছি এ দেশে' ('এই দেশে' হবে) গানটির সুর ও তাল বলা হয়েছে-ভৈরবী, একতালা এবং গায়কের নাম ইংরেজিতে লেখা Sung by Mr. S. B. Gupta, Calcutta, No 94118. বিদেশে বাংলা ভাষায় অনভিজ্ঞ লোকের পক্ষে কাজের সুবিধার জন্যই যে ঐ ভাবে লেবেল ছাপা হয়েছে তা সহজেই অনুমেয়। কিন্তু গীতিকার হিসাবে কবির নাম দেওয়া হয় নি।

যাই হোক, কবিকণ্ঠের রেকর্ডের প্রথম পর্যায়ে এইচ. বোসেস রেকর্ড এবং প্যাথি রেকর্ড। অন্য রেকর্ডের প্রতিযোগিতায় এবং নানা পারিপার্শ্বিক ঘাতপ্রতিঘাতে যখন এই দুই রেকর্ডেরই প্রচলন বন্ধ হয়ে গেল তখন কবি নিশ্চিতই মর্মাহত হয়েছিলেন, ফলে তিনি আর দীর্ঘকাল কোনো রেকর্ড করেন নি।

দ্বিতীয় পর্যায়

১৯১৩ খৃষ্টাব্দে কবি নোবেল পুরস্কার পান। তার কিছুদিন আগে তিনি আবার ইউরোপ ঘুরে এসে স্থায়ীভাবে শান্তিনিকেতনে বাস করছিলেন। নোবেল পুরস্কার প্রাপ্তির অনেক আগেই কবির বহু গান রেকর্ডে প্রকাশিত হয়েছিল, কিন্তু লেবেলে গান রচয়িতার নাম ছাপাবার প্রথা না থাকায় সেগুলি যে রবীন্দ্রনাথের রচনা তার কোনো প্রমাণ পাওয়া যেত না। অনেক গান ধর্মমন্দিরে, সভাসমিতিতে এমন-কি রঙ্গালয়ে বার বার গাইবার ফলে এত জনপ্রিয় হয়েছিল যে তার রচয়িতার সন্ধান সব গায়ক-

গায়িকারাও জানতেন কিনা সন্দেহ। কবি নিজেও এই সব সামান্য ব্যাপার নিয়ে মাথা ঘামান নি। মনে হয়, রেকর্ড বিষয়ে তাঁর কিছুটা ঔদাসীন্যই এসেছিল। এমন-কি সম্ভ্রান্তবংশীয় কোনো মহিলা রেকর্ডে গান দেবেন এতেও তাঁর অনুমোদন ছিল না। দেশবন্ধু চিত্তরঞ্জনের ভগিনী অমলা দাশই সর্বপ্রথম সেই অনুমোদন লাভ করেন এবং অমলা দাশের কণ্ঠে রবীন্দ্রসংগীত অচিরেই বিশেষ জনপ্রিয় হয়।

'রবীন্দ্রসংগীত' কথাটি তখনো প্রচলিত হয় নি। সংগীতজগতে এই বিখ্যাত শব্দটির জন্য আমরা গ্রামোফোন কোম্পানীর কাছেই ঋণী। ১৯৩৫ খৃষ্টাব্দ থেকে দেখা যায় গ্রামোফোন কোম্পানীর রেকর্ড তালিকায় পুনঃ পুনঃ 'রবীন্দ্রসংগীত' কথাটি উল্লেখ করায় ক্রমশ জনসমাজে এই কথাটি চালু হয়েছে, পরে রেডিও এবং টি. ভি. প্রোগ্রামেও ঐ শব্দটি ব্যবহৃত হয়। এখন তো রবীন্দ্রসংগীত— কীর্তন, ভজন বা বাউল গানের মতো একটি বিশেষ শ্রেণীর গান হিসাবেও উল্লিখিত হয়, যদিও রবীন্দ্রনাথের রচিত কীর্তন বা বাউল গানের সংখ্যাও কম নয়।

যাই হোক, নোবেল পুরস্কার প্রাপ্তির কিছুকাল পরে কবির সলিসিটার খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ১০ মার্চ, ১৯১৫ তারিখে গ্রামোফোন কোম্পানীর নিকট কবির রচিত গানের রয়ালটি দাবি করে পত্র দেন। কোম্পানীর পক্ষে মর্গান অ্যান্ড কোম্পানী কবির সলিসিটারের সঙ্গে পত্রালাপ করেন। সুখের বিষয় গ্রামোফোন কোম্পানী যখন জানতে পারলেন যে কবির রচনা তারা সত্যই রেকর্ড করেছেন তখন তাঁকে গীতিকারের সম্মান দর্শনী (Royalty) দিতে স্বীকৃত হলেন। ভারতবর্ষে রবীন্দ্রনাথই সর্বপ্রথম গীতিকার হিসাবে এই সম্মান পান।

৫ অক্টোবর, ১৯২৬ তারিখে গ্রামোফোন কোম্পানী ও কবির মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়, যার ফলে নির্দিষ্ট রয়ালটির বিনিময়ে কবি গ্রামোফোন কোম্পানীকে কতকগুলি গান রেকর্ডে প্রকাশের অনুমতি দান করেন। এই গ্রন্থে আমরা সেই ঐতিহাসিক দলিলের আলোকচিত্র এবং লিখিত বিবরণ প্রকাশ করছি।

কবির সঙ্গে চুক্তিপত্র স্বাক্ষরিত হলেও গ্রামোফোন কোম্পানীতে কবিকণ্ঠের রেকর্ড হতে আরো কিছু বিলম্ব হয়। তবে ১৯২৬ খৃষ্টাব্দটি কবিকণ্ঠের রেকর্ডিং-এর ইতিহাসে বিশেষ উল্লেখযোগ্য। এ বৎসর কবি আবার বিদেশে যান ; স্বদেশে এবং বিদেশে অনেকগুলি বিষয় এ বৎসরেই কবি রেকর্ড করেছিলেন। ভারতবর্ষে গ্রামোফোন কোম্পানীতে এই বৎসরেই বৈদ্যুতিক পদ্ধতিতে রেকর্ডিং করা আরম্ভ হয়। গ্রামোফোন কোম্পানীর বেলেঘাটা মেইন রোডের কারখানায় যেদিন সেই রেকর্ডিং-এর উদ্বোধন হয় সেদিন কবিকণ্ঠের আবৃত্তি দিয়ে এই শুভ কাজটি আরম্ভ করা হয়েছিল। এই অনুষ্ঠানের বর্ণনা সেখানে উপস্থিত গ্রামোফোন কোম্পানীর

প্রাক্তন শিল্পী শ্রীযুক্ত হীরেন বসু তাঁর স্মৃতিকথায় ("জাতিস্মরের শিল্পীলোক"—'নবকল্লোল', চৈত্র ১৩৬৮, পৃঃ ৮৯৪) উল্লেখ করেছেন। এই বৎসরেই গ্রামোফোন কোম্পানীর তৎকালীন রেকর্ডিং প্রতিনিধি স্বর্গীয় ভগবতীচরণ ভট্টাচার্যের ঐকান্তিক চেষ্টায় এবং অধ্যাপক প্রশান্তচন্দ্র মহলানবিশ ও তাঁর ভ্রাতা স্বর্গত প্রফুল্লচন্দ্র (বুলা) মহলানবিশের আগ্রহে কবি আবার রেকর্ড করতে স্বীকৃত হন এবং এই সময়ে পর পর অনেকগুলি রেকর্ড করেন। তবে তার সবগুলি শেষ পর্যন্ত প্রকাশ করতে অনুমতি দেন নি।

এই সময়ে কবি গ্রামোফোন কোম্পানীর তৎকালীন রিহার্সাল রুম ১০৬ আপার চিৎপুর রোডের 'বিষ্ণুধাম' নামক ভবনে কয়েকদিন গিয়েছিলেন এবং বেলেঘাটায় রেকর্ডিং স্টুডিওতে রেকর্ড করতে যান। এই সময়ে কবির বয়স ৬৫ বৎসর, তবে তখনো গলা যথেষ্ট সতেজ ছিল এবং সুর আগের মতো মিষ্ট ও উচ্চ পর্দাতে না থাকলেও রেকর্ডিং-এর পক্ষে নেহাৎ মন্দ ছিল না। এই সময়ের আবৃত্তি "কর্ণকুন্তী সংবাদ" রেকর্ড সম্পর্কে রবীন্দ্র-ভাষ্যকার স্বর্গত পুলিনবিহারী সেনের মুখে শুনেছি, তিনি ছাত্রজীবনে শান্তিনিকেতনে হ্যারিকেন আলো জ্বালিয়ে কবির কাছে এই রেকর্ড প্রথম বাজাতে শুনেছিলেন। রাতের শান্ত পরিবেশে কবি চুপ করে বসেছিলেন, তাঁকে ঘিরে আশ্রমবাসী কতিপয় ছাত্র। রেকর্ড বাজানো শুনে পুলিনবাবুর মনে হয়েছিল, যেন কবি নিজেই আবৃত্তি করছেন, রেকর্ডে স্বর এত স্পষ্ট উঠেছিল।

এই সময়ে করা সবগুলি রেকর্ড না থাকলেও কিছুটা এখনো পাওয়া যায়। কবির তিরোধানের পর রেডিওতে করা রেকর্ড নিয়েই গড়ে উঠেছে 'হিজ মাস্টার্স ভয়েস' এবং কলম্বিয়ার অক্ষয় ভাণ্ডার।

কবির সঙ্গে গ্রামোফোন কোম্পানীর যে চুক্তি হয় তাতে কবির পক্ষে সাক্ষ্য ছিলেন স্বয়ং রথীন্দ্রনাথ ঠাকুর এবং প্রশান্তচন্দ্র মহলানবিশ। ঐ গুরুত্বপূর্ণ চুক্তির সুদূরপ্রসারী ফল রবীন্দ্রসংগীতের স্বাতন্ত্র্যসৃষ্টি, বিশ্বভারতী মিউজিক বোর্ড প্রতিষ্ঠা, নির্ভুল সুরে রবীন্দ্রসংগীত গাইবার বাধ্যবাধকতা আরোপ এবং রেকর্ডিং কোম্পানীগুলির পক্ষে তৈরী রেকর্ড মিউজিক বোর্ডে পাঠিয়ে অনুমোদন গ্রহণ বাধ্যতামূলক করা।

এই নিয়ন্ত্রণ আরোপের পূর্বেও অনেক যশস্বী শিল্পী রবীন্দ্রসংগীত রেকর্ড করেছিলেন, তবে তাঁদের মধ্যে সুরেন্দ্রনাথ মৈত্র বা হরেন্দ্রনাথ দত্তের মতো রবীন্দ্রসংগীতে বিশেষভাবে শিক্ষাপ্রাপ্ত শিল্পীর সন্ধান পাওয়া দুষ্কর। অমলা দাশ, কনক বিশ্বাসের যুগ অনেক পরে। তখনকার মানসাসুন্দরী, পূর্ণকুমারী, আশ্চর্যময়ী, কৃষ্ণভামিনী বা কে. মল্লিক, দ্বিজেন বাগচী প্রভৃতি রবীন্দ্রসংগীতের বিশেষ সুরের সম্মান রাখতেন না। এমন-কি 'পুরানো সে দিনের কথা' গানটি পূর্ণকুমারী

গেয়েছিলেন 'সে পুরানো দিনের কথা'। কে. মল্লিক 'আমার মাথা নত করে দাও হে' গানটিতে নিজের খুশীমতো 'দয়াল' যোগ করতে দ্বিধা করেন নি।

মনে পড়ে গ্রামোফোন রেকর্ডিং ডিপার্টমেন্টের আফতাব সাহেবকে নিয়ে একদিন কে. মল্লিকের সঙ্গে সাক্ষাত করতে গিয়েছিলাম। তিনি একসময়ে খ্যাতির উচ্চশিখরে উঠেছিলেন। তাঁর বহু গান আমারও মুখস্থ ছিল। অনেক গল্প হলো। প্রসঙ্গক্রমে আমি জিজ্ঞাসা করেছিলাম—'আমার মাথা নত করে দাও' গানটির মধ্যে 'দয়াল'কে আমদানি করেছিলেন কেন ?

তিনি হেসে বললেন, 'অমন মন মাতানো গান, গাইতে গাইতে ভাবের ঘোরে আপনিই কথাটা এসে গিয়েছিল ; আপনারা কীর্তনের মাঝে যেমন 'আখর দেওয়া' বলেন, অনেকটা যেন তাই।' আজও যদি অবাধে ঐ ভাবে পদবিকৃতি এবং আখর সংযোজন চলতে থাকত তবে রবীন্দ্রসংগীতের কি চেহারা দাঁড়াতো ভাবতেও ভয় হয়।

তৃতীয় পর্যায়

কবি একসঙ্গে অনেকগুলি গান ও আবৃত্তি পর পর রেকর্ড করে যেন সরে দাঁড়ালেন। একটি লিখিত চুক্তি অনুসারে তিনি রবীন্দ্রসংগীতের রেকর্ড করবার তত্ত্বাবধান বিশ্বভারতীর হাতে ন্যস্ত করেন। পরে সেই ভার বিশ্বভারতীর মিউজিক বোর্ডের উপর পড়েছে। এখন তাঁরাই রবীন্দ্রসংগীতের রেকর্ড অনুমোদন করেন।

কবি দীর্ঘকাল পর্যন্ত রেকর্ডের নমুনা শুনে তবে অনুমোদন বা বাতিল করতেন। গীতিকার হিসাবে এই অধিকার ও সম্মান এদেশে রবীন্দ্রনাথই প্রথম পান। অপর পক্ষে কবি তাঁর গান যাতে ঠিক সুরে, তানে, লয়ে গাওয়া হয় তার জন্য এত সতর্ক ও সযত্ন ছিলেন—যে নিজের বহু ব্যস্ততার মধ্যেও তিনি রেকর্ডের নমুনা পুনঃ পুনঃ বাজিয়ে পরীক্ষা করে তবে মতামত দিতেন। এমন বহুবার হয়েছে—যে প্রথিতযশা শিল্পীর গানও তিনি বাতিল করে দিয়েছেন, আবার নতুন করে রেকর্ড করাতে হয়েছে। এই সঙ্গে কবির স্বাক্ষরিত রেকর্ড নমুনা অনুমোদনপত্রের একখানি আলোকচিত্র দিলাম। কবি তখন চন্দননগরে গঙ্গাবক্ষে হাউসবোটে বিশ্রাম নিচ্ছেন, সেখানে বসেও তিনি রেকর্ড শুনে মতামত দিয়েছেন। এতেই বোঝা যায়, রেকর্ডে গান নিখুঁত করবার জন্য তাঁর কত আগ্রহ ছিল। শ্রদ্ধেয় স্বর্গীয় প্রফুল্লচন্দ্র (বুলা) মহলানবিশ বহুবার কবির কাছে রেকর্ডের নমুনা শুনিয়ে অনুমোদন করিয়ে এনেছেন। তাঁর কাছেও এ বিষয়ে অনেক চিত্তাকর্ষক কাহিনী শুনেছি।

৭ চৈত্র ১৩৩৮ তারিখে দেশবন্ধুর পত্নী বাসন্তী দেবীর নিকট লেখা একখানি

পত্রের একাংশে কবি লিখেছিলেন—

'একজন ভদ্রলোক গ্রামোফোনের সুর ধরবার বিদ্যা য়ুরোপে শিখে এসেছেন। তিনি এখানে এসেছেন আমার কণ্ঠ থেকে কিছু আদায় করবার প্রস্তাব নিয়ে।' . . .

—'উত্তরা' (পত্রিকা), আষাঢ়, ১৩৩৮

এই ভদ্রলোকটি ছিলেন স্বর্গত চণ্ডীচরণ সাহা। তিনি তখন সবে গ্রামোফোন কোম্পানীর হেস, মিডলসেকস্ (ইংলন্ড)-এর কারখানায় রেকর্ডিং করা শিখে দেশে ফিরে এসেছেন। হিন্দুস্থান মিউজিক্যাল প্রোডাক্টস্ স্থাপন করে চণ্ডীবাবু চেষ্টা করতে লাগলেন কবিকণ্ঠের কিছু গান বা আবৃত্তি দিয়ে হিন্দুস্থান রেকর্ডের জয়যাত্রা শুরু করা যায় কিনা। তাঁর চেষ্টা সফল হয়েছিল।


R
297
Special Copyright Fee
Viswa-Bharati
Santiniketan. Bengal
On board Houseboat "Padma",
Chandernagore.
26. 6. 35.
I have heard the following records prepared
by H. M. V. Company and approve them for publication:-
(i) By Miss Kanak Das.
(ii) By Miss Kanak Das.
(iii) By Mrs. Sati Devi.
also By Mrs Sati Devi
Rabindranath Tagore

কবিগুরুর স্বাক্ষরিত রেকর্ড অনুমোদন পত্র

১৯৩২ খৃষ্টাব্দ। কবির বয়স তখন একাত্তর। রেকর্ডের জন্য এই বয়সে গাইতে বা আবৃত্তি করতে তিনি যদি কুণ্ঠিত হয়ে থাকেন তাতে বিশেষ দোষ দেওয়া যায় না। শোনা যায়, কবির পুত্র রথীন্দ্রনাথ এই বয়সে কবির রেকর্ড প্রকাশে বিশেষ ইচ্ছুক ছিলেন না।

চণ্ডীবাবু কবির বন্ধু প্রবোধচন্দ্র মহলানবিশকে সঙ্গে নিয়ে কবির দরবারে শান্তিনিকেতনে উপস্থিত হলেন। প্রবোধচন্দ্র কেবল কবির বন্ধু ছিলেন তাই নয়, তিনি বিখ্যাত গ্রামোফোন ডিলার 'কার অ্যান্ড মহলানবিশ' প্রতিষ্ঠানটির অংশীদার ছিলেন। অক্টোবর ১৯০৮ খৃষ্টাব্দে প্রকাশিত তাঁদের 'কলের গান'-এর প্রচ্ছদচিত্র গ্রন্থমধ্যে দিলাম। প্রবোধচন্দ্রের পুত্র অধ্যাপক প্রশান্তচন্দ্র মহলানবিশ এবং প্রফুল্লচন্দ্র (বুলা) মহলানবিশ, উভয়েই কবির বিশেষ প্রীতিভাজন ছিলেন। এঁদের সকলের অনুরোধ হলো— জাতির জন্য, দেশের জন্য, ভবিষ্যৎ কালের মনুষ্যসমাজের জন্য কবির কণ্ঠ রেকর্ড করবার দাবি দেশবাসী জানালে কবি কি তাতে সাড়া দেবেন না ?

কবি সম্মত হলেন রেকর্ড করতে এবং হিন্দুস্থান মিউজিক্যাল প্রোডাক্ট্স-এর অক্রূর দত্ত লেনের স্টুডিওতে গেলেন। সেদিন কোম্পানীর দর্শকের খাতায় বিচিত্র ভাবে তাঁর অভিমতটি লিখেছিলেন, 'দেশ' পত্রিকায় "কবিকণ্ঠের একটি অজ্ঞাত রেকর্ড" প্রবন্ধের সঙ্গে ২৫ নভেম্বর, ১৯৮০ তারিখের সংখ্যায় তার প্রতিলিপি প্রকাশ করেছিলাম। প্রথমেই কবি নামের স্বাক্ষর করতে বোধহয় বাধ্য হয়েছিলেন অভিমত লেখার পর তার তলায় স্থানাভাবে। অভিমতটি এইরূপ-(লক্ষ্য করবার বিষয় তখনো কবি নামের আগে 'শ্রী' ব্যবহার করতেন।)

শ্রী রবীন্দ্রনাথ ঠাকুর
৫ এপ্রেল, ১৯৩২

হিন্দুস্থান ম্যুজিক্যাল প্রডাক্টস্ ভেরাইটি সিন্ডিকেট জয়যুক্ত হৌক। এরূপ প্রতিষ্ঠান এদেশে এই প্রথম। ইহার সফলতায় আমাদের গৌরব।

পরপর অনেকগুলি বিষয় একই সঙ্গে সেদিন কবি রেকর্ড করেছিলেন, তার ফলে হিন্দুস্থান রেকর্ডের সর্বপ্রথম রেকর্ডখানিই (HI) ('আমি যখন বাবার মত হব,' এবং 'তবু মনে রেখো') শুধু কবিকণ্ঠ বহন করছে তাই নয়, হিন্দুস্থানের ভাণ্ডারে কবিকণ্ঠের অনেকগুলি আবৃত্তি (বাংলায় এবং ইংরেজীতে) সঞ্চিত হলো। ১৯৩৬ এবং ১৯৩৯ সালেও কবি হিন্দুস্থানে আরো কিছু রেকর্ডিং করেন এবং কমার্শিয়াল রেকর্ডিং হিসাবে হিন্দুস্থানেই কবিকণ্ঠের সর্বশেষ রেকর্ডিং করা হয়, তারপর অন্য কোনো কোম্পানীতে কবি আর কোনো রেকর্ড করেন নি।

তবে এই সময়েই হিন্দুস্থান রেকর্ডে কবি একটি দ্বৈত সংগীত রেকর্ড করেছিলেন তার নমুনা ১৯৮০ সালে 'আবিষ্কৃত' হয়েছে। সে বিষয়ে পরে বিস্তারিত ভাবে বলছি।

চতুর্থ পর্যায়

কবিকণ্ঠের রেকর্ডিং-এর চতুর্থ পর্যায় হিসাবে আর এক প্রকার রেকর্ডের উল্লেখ থাকা বিশেষ প্রয়োজন, তা হলো তাঁর দেশবিদেশের ভাষণসমূহের এবং আবৃত্তির রেকর্ড। আকাশবাণীর কলকাতা কেন্দ্রে কবির কয়েকটি রেকর্ড করা হয়। প্রসঙ্গক্রমে বলে রাখি, অল ইন্ডিয়া রেডিওর পরিবর্তিত নাম 'আকাশবাণী' কথাটিও কবির সৃষ্টি। ১৯৩৮ সালে কলকাতা রেডিও স্টেশনে নূতন শর্ট ওয়েভ ট্রান্সমিটার-এর উদ্বোধনের সময় রেডিও কর্তৃপক্ষ কবির আশীর্বাণী প্রার্থনা করেছিলেন। কবি তাতে ৫ আগষ্ট ১৯৩৮ তারিখে যে কবিতাটি পাঠিয়েছিলেন তা এই :

ধরার আঙিনা হতে ঐ শোন
উঠিল আকাশবাণী,
অমর লোকের মহিমা দিল যে
মর্তলোকেরে আনি।
সরস্বতীর আসন পাতিল
নীল গগনের মাঝে,
আলোক-বীণার সভামন্ডলে
মানুষের বীণা বাজে।
সুরের প্রবাহ ধায় সুরলোকে
দূরকে সে নেয় জিনি,
কবিকল্পনা বহিয়া চলিল
অলখ সৌদামিনী।
ভাষা-রথ ধায় পূবে পশ্চিমে
সূর্যরথের সাথে,
উধাও হইল মানব চিত্ত
স্বর্গের সীমানাতে ॥

কবি নিজের অজ্ঞাতসারেই এই কবিতায় 'আকাশবাণী' কথাটি দিয়ে হয়ত রেডিওর শূণ্যচারী ইথারাশ্রয়ী স্বরতরঙ্গকে বোঝাতে চেয়েছিলেন। কিন্তু 'আকাশবাণী' কথাটি অনেকটা দৈববাণী অর্থেও তিনি অন্যত্র ব্যবহার করেছেন। যেমন—

চমকিবে ফাগুনের পবনে
পশিবে আকাশবাণী শ্রবণে,
চিত্ত আকুল হবে অনুখন
অকারণ।

—উত্তীয়ের গান, 'শ্যামা'

আকাশবাণীর কলকাতা কেন্দ্রে কবিকণ্ঠ কয়েকবার রেকর্ড করা হয়, তার বিস্তারিত বিবরণ প্রাক্তন রেডিও-কর্মী বন্ধুবর শ্রীযুক্ত মনোমোহন ঘোষ আমার বিশেষ অনুরোধে প্রবন্ধাকারে লিখে দিয়ে আমায় কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করেন। অধিকতর প্রচারের জন্য প্রবন্ধটি আমি কালিম্পং-এ 'গৌরীপুর লজ' হতে বেতারে ভাষণরত রবীন্দ্রনাথের ছবিসহ 'দেশ' পত্রিকায় পাঠাই। সেখানে তা ১৯ আগষ্ট, ১৯৬১ তারিখের সংখ্যায় প্রকাশের পর 'কবিকণ্ঠ' গ্রন্থের পরিশিষ্টে দিয়েছিলাম। কবির এই সব রেকর্ডিং থেকে পরে গ্রামোফোন কোম্পানী এবং কলম্বিয়া গ্রাফোফোন কোম্পানী কয়েকটি বিষয় প্রথমে সাধারণ রেকর্ডে, পরে লং প্লেইং রেকর্ডে ও ক্যাসেটে প্রকাশ করেছেন।

রবীন্দ্রশতবার্ষিকী উপলক্ষে গ্রামোফোন কোম্পানী কবিকণ্ঠের একখানি লং প্লেইং রেকর্ড বের করেন, তার নাম দেওয়া হয়-'The Voice of Tagore' (রেকর্ডখানির ক্রমিক সংখ্যা EALP 1256)। এতে কবিকণ্ঠে যে-সব গান ও আবৃত্তি আছে তা হলো—(১) আজি হতে শতবর্ষ পরে ; অন্ধজনে দেহ আলো ; কৃষ্ণকলি ; আমি সংসারে মন দিয়েছিনু ; ভগবান তুমি যুগে যুগে ॥ (২) আবির্ভাব ; আমারে কে নিবি ভাই ; ভারততীর্থ ; এই তীর্থদেবতার ; হে মোর সন্ধ্যা ; আমার শেষ পারানির কড়ি ॥

এর মধ্যে আকাশবাণী হতে গৃহীত নিম্নোক্ত বিষয়গুলি আছে—

এই তীর্থ দেবতার ; ভগবান তুমি যুগে যুগে ; ভারততীর্থ ; হে মোর সন্ধ্যা।

বিদেশ ভ্রমণকালেও কবির কিছু বক্তৃতা, আলোচনা ও আবৃত্তির রেকর্ড হয়েছিল। এ বিষয়ে ভিন্ন ভিন্ন দেশের সংস্কৃতি মন্ত্রণালয়ের এবং কয়েকজন বিদেশী রবীন্দ্রানুরাগীর সঙ্গে পত্রালাপে কিছু কিছু অজ্ঞাত তথ্য পেয়েছি। এখানে তার প্রয়োজনীয় অংশ তুলে দিচ্ছি।

পশ্চিম জার্মান সরকারের ফিল্ম ও রেডিও লাইব্রেরি (Lautarchiv Des Deutschen Rundfunks) কবিকণ্ঠের নিম্নোক্ত রেকর্ডগুলির সন্ধান আমায় জানিয়েছিলেন।

১। কবি যখন ফ্রাঙ্কফুর্টে গিয়েছিলেন (১৯২১) তখন একটি কবিতা আবৃত্তি করে রেকর্ড করেন। কবিতাটি হলো—"Is it then true ?" (একি তবে সবই সত্য—"প্রণয়প্রশ্ন" : 'কল্পনা')।

২। ৪. ৬. ১৯২১ তারিখে কবির দেওয়া একটি ইংরেজি ভাষণ। একখানা রেকর্ড ২ মিনিট ৩০ সেকেন্ড বাজে, আর একখানা ৩ মিনিট ১৫ সেকেন্ড বাজে।

৩। কলকাতার জার্মান কনসাল জানিয়েছেন- একখানি রেকর্ডে কবিকণ্ঠে সংস্কৃত শ্লোক আছে। এই রেকর্ডখানি বার্লিনের অধ্যাপক উইলহেল্ম্ ডোয়েজেনের কাছে ছিল।

তাঁকে চিঠি দিলে তিনি আমায় জানিয়েছিলেন এই রেকর্ড তিনি করিয়েছিলেন ১৯২৩ সালে। (বোধহয় টাইপে ভুল হয়েছে, ১৯২১ হবে।) তিনি নিজে একখানি গ্রন্থ রচনায় এই রেকর্ডখানির বিষয়বস্তু ব্যবহার করছেন বলে সে রেকর্ডখানির বিষয়ে বিস্তারিতভাবে তখন জানাতে চান নি।

৪। শান্তিনিকেতন রবীন্দ্রভবনে জার্মানীতে গৃহীত কবিকণ্ঠের আর একটি মূল্যবান রেকর্ড আছে। কবি ১ জুন ১৯২১ তারিখে প্রুসিয়ান অ্যাকাডেমির লাইব্রেরিতে যে বক্তৃতা দেন সেটি তখন রেকর্ড করা হয়। দ্বিতীয় মহাযুদ্ধের সময় রেকর্ডখানি বোমায় ক্ষতিগ্রস্ত হয় কিন্তু রবীন্দ্রানুরাগী বৈজ্ঞানিকেরা অশেষ যত্নে রেকর্ডখানির পুনরুদ্ধার করেন। পূর্ব জার্মানির প্রধানমন্ত্রী ১৯৫৯ খৃষ্টাব্দে আমাদের প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুকে এই রেকর্ডখানি পাঠিয়ে দেন। নেহরু তা শান্তিনিকেতনে পাঠান।

এই টেপ রেকর্ডটি শান্তিনিকেতনে এলে উপাচার্য শ্রদ্ধেয় সুধীরঞ্জন দাস আমাকে ডেকে পাঠান, রেকর্ডের বিষয়বস্তু 'কবিকণ্ঠ' গ্রন্থের জন্য সংগ্রহ করতে। Message of the Forest নামক সেই ভাষণটি আমার গ্রন্থেই সর্বপ্রথম প্রকাশিত হয়েছিল।

এই রেকর্ডে কবির বক্তৃতাটি সম্পূর্ণ আছে কিনা বোঝা যায় না, তবে যেটুকু আছে তাও স্বয়ংসম্পূর্ণ এবং বিশেষ অর্থবহ। বক্তৃতাটি উদ্‌ধৃত হলো ঃ—

THE MESSAGE OF THE FOREST

India holds sacred and counts as places of pilgrimage all spots which display a special beauty or splendour of nature. The Himalayas of India are sacred and the Vindya Hills. Her majestic rivers are sacred. Lake Manasa and the confluence of the Ganges and Jamuna are sacred. India has saturated with her voice and worship the great nature with which her children are surrounded, whose light fills their eyes with gladness, whose water cleanse them, whose food gives them life and from whose majestic mystery come forth constant declaration of the infinite in music, scent and colour, bringing awakening to their souls. India gains the world through worship, through communion of soul.

The idea of freedom to which India aspired was based upon realisation of spiritual unity. It is India's duty to be loyal to this great truth and never allow it to be distinguished by the storm of passion sweeping over the present-day world. This is why she must be careful today to try to find out the principle, by means of which India will be able for certain to realise herself. That principle is neither commercialism nor nationalism. It is not merely self-determination,

but self-conquest and self-dedication. The voice of this truth was heard in India's forest of old, above the din of race conflicts; it was declared in the *Upanishad* and expounded in the *Geeta*; Lord Buddha renounced the world that he might make this truth a household word for all mankind; Kabir, Nanak and other great spirits of India continued to proclaim its message. India's grand achievement which is still stored deep within her heart, is waiting to unite within itself, Hindu, Moslem, Buddhist and Christian, not by force, not by apathy of resignation but in the harmony of active co-operation.

Anandaddheba Khalwimani Bhutani Jayante
Anandena Jatani Jibanti
Anandam Samprayanti Abhisambishanti

৫। জার্মানির প্রুসিয়ার লাইব্রেরিতে বিখ্যাত ব্যক্তিদের কণ্ঠস্বর ও হস্তাক্ষর সংরক্ষণ করা ছিল। সেখানে Message of the'Forest বক্তৃতার কিয়দংশ এবং 'মোর বীণা ওঠে কোন্ সুরে বাজি' গানটি কবি রেকর্ড করেন (১৯২১)। রয়াল আর্কাইভস্ অব বার্লিনে 'বনবাণী' রেকর্ডের সঙ্গে গানের রেকর্ডটিও রক্ষিত হয়। সম্ভবত এই দুটি রেকর্ডই বার্লিন বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত বক্তৃতা ও আবৃত্তি।

৬। পশ্চিম জার্মান সরকারের পূর্বোক্ত রেডিও ফিল্ম লাইব্রেরি থেকে আমাকে আর একখানি পত্রে জানান—যে তাঁরা কবিকণ্ঠের আরো দুখানি রেকর্ডের বিষয়ে জার্মান স্টেট রেডিওর ১৯২৯-৩৬ সালের একখানি ক্যাটালগে সন্ধান পেয়েছেন। অবশ্য এই রেকর্ড দুখানি এখন আর তাঁদের কাছে নেই। তবু তথ্য হিসাবে সংবাদটি অত্যন্ত মূল্যবান মনে করি।

কবি তিনবার জার্মানিতে গিয়েছিলেন, প্রথমবার ১৯২১ খৃষ্টাব্দে, দ্বিতীয়বার ১৯২৬ খৃষ্টাব্দে, শেষবার ১৯৩০ খৃষ্টাব্দে। শেষবার যখন যান তখনই ঐ শেষোক্ত রেকর্ড দুখানি করা হয়েছিল।

(ক) ১২. ৭. ৩০ তারিখে গৃহীত রেকর্ড— ডঃ কার্ট এল. হেম্যান কবিকে সাহিত্য ও শিল্প বিষয়ে মতামত জিজ্ঞাসা করেন, তাঁর উপর আলোচনা।

(খ) ২৫. ৭. ৩০ তারিখে গৃহীত রেকর্ড—শিল্প বিষয়ে কবির ভাষণ (Principles of Art)।

এই মূল্যবান তথ্য সম্বলিত পত্রখানি রুন্ডফাঙ্ক-এর দুজন কর্তাব্যক্তি স্বাক্ষর করে পাঠিয়েছেন। পত্রখানির আলোকচিত্র গ্রন্থমধ্যে মুদ্রিত হলো।

৭। ১৯৩০ খৃষ্টাব্দে সুইডেনের রেডিওতে কবি "ঝুলন" কবিতাটির আবৃত্তি রেকর্ড করেছিলেন। রবীন্দ্রজন্মশতবার্ষিকী উপলক্ষে বিদেশ থেকে কবিকণ্ঠের যে-সব রেকর্ড আনা হয়েছিল তার মধ্যে এই রেকর্ডখানিও ছিল। হিন্দুস্থান রেকর্ডেও কবিকণ্ঠে "ঝুলন" আবৃত্তি পাওয়া যায়।

কবির জীবৎকালেই রবীন্দ্রসংগীত যথেষ্ট জনপ্রিয় হয়েছিল, সে জনপ্রিয়তা এখন দিনে দিনে আরো ব্যাপকভাবে প্রসারিত হচ্ছে। শান্তিনিকেতনে রবীন্দ্রসংগীত শিক্ষাদানের ব্যবস্থা বহুদিন হতেই চলছে, কিন্তু কবির জীবিত অবস্থায় কলকাতায় একটি রবীন্দ্রসংগীত শিক্ষালয় প্রতিষ্ঠা করেও বেশি দিন চলে নি। এই শিক্ষালয়টি স্বর্গীয় বুলা মহলানবিশের আগ্রহাতিশয্যে কবি স্বয়ং উদ্বোধন করেছিলেন। সুখের বিষয় এখন অবস্থার অনেক উন্নতি হয়েছে, অগণিত ছাত্রছাত্রীর ঐকান্তিক আগ্রহে এক কলকাতা শহরেই কেবল রবীন্দ্রসংগীত শিক্ষাদানের জন্য কয়েকটি প্রতিষ্ঠান অত্যন্ত প্রশংসার সঙ্গে কাজ করে যাচ্ছে। শান্তিনিকেতেনে তো মূল কেন্দ্র রয়েছেই, সংগীত নাটক আকাদেমী এবং রবীন্দ্রজন্মশতবার্ষিকী উপলক্ষে প্রতিষ্ঠিত জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়েও রবীন্দ্রসংগীতের অনুশীলন ও শিক্ষাদানের বিশেষ ব্যবস্থা হয়েছে। ভারতবর্ষের প্রত্যেক রাজ্যে কবির স্মৃতির উদ্দেশে যে সব জাতীয় রঙ্গমঞ্চ প্রস্তুত হয়েছে সেখানেও রবীন্দ্রসংগীত চর্চার সহায়তা করা হবে। কলকাতার 'রবীন্দ্র স্মরণী' জাতীয় রঙ্গমঞ্চটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন প্রধানমন্ত্রী জওহরলাল স্বয়ং। এটিই কলকাতায় ক্যাথিড্রাল রোডের বিখ্যাত 'রবীন্দ্রসদন'।

ভারতের জাতীয় সংগীত হিসাবে 'জনগণমন' এবং বাংলাদেশের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা' রবীন্দ্রসংগীতের বিশ্বব্যাপী প্রসারের আর দুইটি উজ্জ্বল নিদর্শন, যদিও কেবল 'জনগণমন'-ই নয়, বহু বিদেশীয় অনুবাদেই বহু রবীন্দ্রসংগীত পৃথিবীর নানা দেশে সমাদৃত হয়েছে। একমাত্র ইংরাজী অনুবাদেই বহু রবীন্দ্রসংগীত পাশ্চাত্য প্রদেশে প্রচলিত হয়েছে, এমন-কি, এক-একটি গানও বহু বার বহু লোকে গেয়ে এবং অর্কেস্ট্রায় বাজিয়ে রেকর্ড করেছেন। পাশ্চাত্য সংগীতে রবীন্দ্রসংগীতের প্রভাব নিয়ে গবেষণা হয়েছে; Unesco থেকে নির্বাচিত রবীন্দ্রসংগীতের রেকর্ডের একটি তালিকাও বেরিয়েছে। অপরপক্ষে ভারতবর্ষের বিভিন্ন আঞ্চলিক ভাষাতেও রবীন্দ্রসংগীত অনূদিত হয়েছে। এ বিষয়ে আকাশবাণীর প্রচেষ্টা পথিকৃতের কাজ করেছে বলা চলে।

হিন্দি ও গুজরাটি অনুবাদে রবীন্দ্রসংগীত

এক সময়ে রবীন্দ্রনাথ বেশ কিছু জনপ্রিয় হিন্দি গান ভেঙে নতুন গান রচনা করেছিলেন। তার মধ্যে কেবল সেই সব গানের সুরই গ্রহণ করেন নি, অনেক স্থানে গানের বাণীরও বঙ্গানুবাদ করেছিলেন। যেমন জানকীদাস কৃত ভূপালী (সুর ফাঁক্তা)

রাগের গান 'প্রচণ্ড গর্জন সজল বরখা ঋতু' গানটির কবিকৃত বঙ্গানুবাদ 'প্রচণ্ড গর্জনে আসিল এ কি দুর্দিন'। গানটি ECSD 2642 রেকর্ডে বেরিয়েছিল। পরেও অনেকে রেকর্ড করেছেন।

এখন রবীন্দ্রসংগীতের সুর অনুসরণে অনেক হিন্দি গান রচিত হচ্ছে। তা ছাড়া রবীন্দ্রসংগীতের হিন্দি অনুবাদও বেশ জনপ্রিয় হতে দেখা যায়। ভারতের অন্যান্য ভাষায় অনূদিত রবীন্দ্রসংগীত বহুদিন হতেই জনপ্রিয়। দৃষ্টান্ত স্বরূপ বলা চলে, মহাত্মা গান্ধীর প্রার্থনাসভায় রামধূনের সঙ্গে গীত রবীন্দ্রসংগীতগুলি, বিশেষ করে মহাত্মাজীর বিশেষ প্রিয় গান দুইটি 'যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলোরে' এবং 'তোর আপন জনে ছাড়বে তোরে তা বলে ভাবনা করা চলবে না' বাংলাতেই গাওয়া হোত। আবার মহাদেব দেশাই যে গুজরাটি অনুবাদ করেছিলেন যথাক্রমে-'চিন্তা করে যালসে না', 'একলো জীনে রে' শান্তিনিকেতনের ছাত্র পিনাকিন ত্রিবেদী কলম্বিয়া রেকর্ডে গেয়েছিলেন (GE 1953)। রবীন্দ্রসংগীতের হিন্দি অনুবাদও পঙ্কজ মল্লিকের কণ্ঠে অভূতপূর্ব জনপ্রিয়তা অর্জন করেছিল। দুটি গান :- 'মনে রবে কি না রবে আমারে' (ইয়াদ আয়ে ন আয়ে) এবং 'প্রাণ চায়, চক্ষু না চায়' (প্রাণ চাহে, নয়না ন চাহে)। দৃষ্টান্ত বাড়িয়ে লাভ নেই। তবে সম্প্রতি প্রকাশিত কিছু রবীন্দ্রসংগীতের হিন্দি অনুবাদের বিষয় ক্যাসেট তালিকায় দিলাম। উষা মঙ্গেশকর, সুরেশ ওয়াদকর, আরতি মুখোপাধ্যায়, ইন্দ্রাণী সেন প্রভৃতি অনেকেই এখন রবীন্দ্রসংগীতের হিন্দি অনুবাদ গেয়ে রেকর্ড করেছেন।

চলচ্চিত্রে রবীন্দ্রসংগীত ব্যবহার শুরু হয়েছিল নিউ থিয়েটার্সের 'মুক্তি' চিত্র থেকে। সংগীতাচার্য রাইচাঁদ বড়াল মহাশয়ের নিকট শুনেছি, তিনিই কবির নিকট থেকে এই অনুমোদন সর্বপ্রথম লাভ করেন। এখন চলচ্চিত্রে রবীন্দ্রসংগীত ব্যাপকভাবেই ব্যবহৃত হয়ে থাকে। প্রসঙ্গক্রমে উল্লেখযোগ্য, 'মুক্তি' চিত্রে ব্যবহৃত বিখ্যাত গান—'দিনের শেষে ঘুমের দেশে' কবির রচনা, কিন্তু সুর দিয়েছিলেন বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র আর গায়ক পঙ্কজকুমার মল্লিক এবং তা কবির সপ্রশংস অনুমোদন লাভ করেছিল।

'দিনের শেষে' বিষয়ে দুটি কথা

অনেকের মতো আমিও জানতাম, গানটির সুরকার পঙ্কজ মল্লিক। আগে লিখেও ছিলাম তাই। গানটি প্রথমে 'মুক্তি' ফিল্মে এবং পরে হিন্দুস্থান রেকর্ডে 'LH-14' বেরিয়ে এত জনপ্রিয় হয় যে আবার মেগাফোন রেকর্ডে (SJNLX 1047) কিশোরকুমার এবং কলম্বিয়া রেকর্ডে (ECLP 2552) হেমন্ত মুখোপাধ্যায় নতুন করে গেয়েছিলেন।

'দেশ' পত্রিকার এক 'বিনোদন' সংখ্যায় পঙ্কজবাবুর একটি সাক্ষাৎকার প্রবন্ধ আকারে বেরোয়। তাতে তিনিও জানান, 'দিনের শেষে' গানটির তিনিই সুরকার। অবিলম্বে 'আনন্দবাজার পত্রিকায়' একটি প্রতিবাদ পত্র প্রকাশিত হয়। স্বনামধন্য সুপরিচিত বেতারশিল্পী শ্রদ্ধেয় বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র দাবি করেন, তিনিই ঐ গানটির সুরকার, পঙ্কজবাবু নন।

এখানে স-সংকোচে উল্লেখ করি, 'অমৃতবাজার পত্রিকায়' Art Gallery শিরোনামে আমার বন্ধু ইংরাজি সাহিত্যের প্রবীণ অধ্যাপক ও রসসাহিত্যিক অজিতকৃষ্ণ বসু (অ.কৃ.ব.) এবং আমি ধারাবাহিকভাবে অনেক বিখ্যাত রেকর্ড শিল্পীর সাক্ষাতকার প্রকাশ করেছিলাম। 'মাসিক বসুমতী'তে ধারাবাহিকভাবে "গানবাজনার গালগল্প" শীর্ষক রচনাতেও আমি অনেক রেকর্ড শিল্পীর বিষয়ে লিখেছিলাম। পঙ্কজবাবু তা জানতেন, তা ছাড়া গ্রামোফোন কোম্পানীতে কর্মসূত্রেও আমাকে তাঁর একজন গুণগ্রাহী ভক্ত বলেই তিনি বিশেষ স্নেহ করতেন। তাই তিনি ফোনে আমায় অনুরোধ জানান, বীরেন্দ্রকৃষ্ণের পত্রের প্রত্যুত্তরে পঙ্কজবাবুকে সমর্থন করে লিখতে।

বীরেন্দ্রকৃষ্ণ তাঁর প্রতিবেশী চপলাকান্ত ভট্টাচার্যের আহূত 'রবিবাসর' সাহিত্যসভার প্রতিটি অধিবেশনে যোগ দিতেন। সেখানে তাঁর মুখে 'বিরূপাক্ষের' নানা 'ঝঞ্ঝাটে'র বিষয়ে পাঠও শুনেছি। রবিবাসরের সম্পাদক হিসাবে আমায় তিনি বিলক্ষণ চিনতেন। তাই কোনো সংকোচ না করে তাঁর বাড়িতে গিয়ে দেখা করলে তিনি জানালেন, শ্যামবাজারে এক ধনীগৃহের বৈঠকখানায় নিয়মিত গানের আসরে পঙ্কজবাবু এবং বীরেনবাবু দুজনেই প্রায়শ যেতেন। সেখানেই তিনি তাঁর দেওয়া সুরে 'দিনের শেষে' গানটি বন্ধু পঙ্কজবাবুর কণ্ঠে তুলে দেন।

তখন পঙ্কজবাবু নিউ থিয়েটার্সের নির্মীয়মাণ চিত্র 'মুক্তি'তে সংগীত পরিচালক রাইচাঁদ বড়ালের সঙ্গে কাজ করছেন। রাইবাবু গানটি শুনে খুশী হয়ে চিত্রপরিচালক প্রমথেশ বড়ুয়াকে শোনালে তিনিও খুব খুশী হন। তখন প্রশ্ন ওঠে রবীন্দ্রনাথের অনুমতি নেওয়ার। স্বর্গত লালচাঁদ বড়ালের পুত্র হিসাবে রাইবাবু কবির বিশেষ স্নেহভাজন ছিলেন। রাইবাবু সন্ধান নিয়ে জানলেন, কবি তখন বরানগরে প্রশান্তচন্দ্র মহলানবিশের বাসভবন 'আম্রপালিতে' আছেন। পঙ্কজবাবুকে সঙ্গে নিয়ে তিনি কবির কাছে গিয়ে ফিল্‌মে রবীন্দ্রসংগীত ব্যবহারের অনুমতি পেলেন এবং পঙ্কজবাবুর কণ্ঠে 'দিনের শেষে' গানটি শুনিয়ে কবির অনুমোদনও পেলেন। ঐ সময় সেখানে প্রশান্তচন্দ্রের ভাই প্রফুল্লচন্দ্র (বুলা) উপস্থিত ছিলেন। তাঁর মুখে শুনেছি, পঙ্কজ-কণ্ঠে 'দিনের শেষে' গানটি শুনে কবি কত খুশী হয়েছিলেন।

এই বৃত্তান্ত পঙ্কজদা'কে বলে তাঁকে অনুরোধ করেছিলাম, ঘটনা যদি সত্য হয় তবে তা নিয়ে বাদানুবাদে লাভ কি? তিনিও তাতেই সম্মত হয়েছিলেন। তাই এবার বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রকেই 'দিনের শেষে' গানটির সুরকার বলে উল্লেখ করলাম।

'কবিকণ্ঠ' গ্রন্থখানিতে মুখ্যত কণ্ঠসংগীতের রেকর্ড বিষয়ে আলোচনা সীমাবদ্ধ, তাই যন্ত্রসংগীতের রেকর্ড এই গ্রন্থের রেকর্ড-তালিকায় দেওয়া হয় নি।

তবে একথা বলা বিশেষ প্রয়োজন যে কণ্ঠসংগীতের মতো যন্ত্রসংগীতেও রবীন্দ্ররচনা স্বদেশে-বিদেশে সমান আদৃত হয়েছে। কবি নিজে যে-সব নৃত্যনাট্য ও গীতিনাট্য রচনা করেছেন তার এবং অর্কেস্ট্রায় ঐকতান বাদ্য বাজানো তো হয়েই থাকে, এমন-কি, কবির তিরোধানের পর তাঁর কাব্যসমুদ্র মন্থন করে নিত্য নব নব বিষয় নৃত্য ও গীতে রূপায়িত করা হচ্ছে। দৃষ্টান্তস্বরূপ "সামান্য ক্ষতি" কবিতাটির উদয়শঙ্করকৃত অসামান্য নৃত্যরূপের উল্লেখ করা যায়। এতে সুরসৃষ্টি করেছেন উদয়ানুজ রবিশঙ্কর। তাঁর হাতে "সামান্য ক্ষতি" সুরপ্রবাহ যন্ত্রসংগীতে যে অসামান্য রূপ পরিগ্রহ করছে তা বর্ণনাতীত। "নির্ঝরের স্বপ্নভঙ্গ" কবিতাটি অবলম্বনে রবিশঙ্করকৃত অর্কেস্ট্রা 'জাগরণ' আর একটি সার্থক সৃষ্টি। কলকাতার নিউ এম্পায়ারমঞ্চে 'সাজ ও আওয়াজ' সংস্থার উদ্যোগে পরিবেশিত বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের আবৃত্তিতে, তাপস সেনের আলোকসম্পাত সহযোগে, ভি. বালসারার পরিচালিত পশ্চিমবঙ্গের বৃহত্তম অর্কেস্ট্রার আবহ সংগীতে সমৃদ্ধ 'দেবতার গ্রাস' ছায়া নাটিকাটি আজও অবিস্মরণীয় হয়ে আছে। গীটারে রবীন্দ্রসংগীত রেডিও রেকর্ড টি.ভি থেকে ঘরে ঘরে জনপ্রিয় হয়ে উঠেছে।

আমাদের জাতীয় সংগীত 'জনগণমন' শিবশরণকৃত স্বরলিপিতে প্রকাশিত হয়েছে। হারবার্ট মুরিএল এবং নরম্যান রিচার্ডসনকৃত 'মিলিটারি ব্যান্ড' এবং 'ন্যাভাল ব্যান্ড'-এর জন্য 'জনগণমন' বাজনা আকাশবাণীতে এবং পরে রেকর্ডেও প্রকাশিত হয়েছে।

পাশ্চাত্য দেশে রবীন্দ্রসংগীত

রবীন্দ্রসংগীত ইংরাজী অনুবাদের মাধ্যমে পাশ্চাত্যেও বহুবার রেকর্ড হয়েছে, অনেক বিদেশী গায়ক গায়িকা রবীন্দ্রনাথের ভাবানুবাদের মধ্যেও সুরের ঐশ্বর্য খুঁজে পেয়েছেন। কুমারী বীণা আঢ্য নামক একজন বাঙালি গায়িকা ১৯২৭ খৃষ্টাব্দে ইউরোপে যান এবং পাশ্চাত্য সংগীত শিক্ষা করে নানাস্থানে ভারতীয় এবং পাশ্চাত্য সংগীত পরিবেশন করেন। দেশে থাকতে তিনি রবীন্দ্রনাথের ভ্রাতা জ্যোতিরিন্দ্রনাথের নিকট রবীন্দ্রসংগীত শিখেছিলেন এবং বিদেশে রবীন্দ্রসংগীতও পরিবেশন করতেন। তাঁর মৃত্যুসংবাদ প্রকাশের সময় বিশেষ করে উল্লেখ করা হয় যে বিদেশে তিনিই ছিলেন প্রথম ভারতীয় মহিলা যিনি পাশ্চাত্য সংগীতে পারদর্শিনী

হন এবং রবীন্দ্রসংগীত শুনিয়ে শ্রোতাদের মাতিয়ে তোলেন। এ বিষয়ে সংবাদদাতার মন্তব্য এই—

In Europe, Miss Auddy included in her repertoire a few songs by Tagore she had been taught by the Poet's elder brother Jyotirindra Nath Tagore. Her rendeiring of "The Path of Red Clay That Stretches Behind the Village" (গ্রাম ছাড়া ঐ রাঙা মাটির পথ) is said to have sent Paris audiences raving.

--"*The Statesman*, 30.11.62.

ভাষান্তরিত রবীন্দ্ররচনার রেকর্ড তালিকায় কবিকণ্ঠ ব্যতীত অন্যান্য শিল্পীদের গাওয়া গানের উল্লেখ করেছি। বিদেশে বিভিন্ন অনুষ্ঠানে বহুবার রবীন্দ্রসংগীত গাওয়া হয়েছে, এখনও হয়। তবে রবীন্দ্রসংগীতের মাধুর্য পুরোপুরি উপভোগ করতে হলে তা অনুবাদের মাধ্যমে কখনোই সম্ভব নয়। বহু বিদেশী এ জন্য বাংলা শিখেছেন, এমন কি শান্তিনিকেতনে এসে রবীন্দ্রসংগীত চর্চা করেছেন, স্বরলিপি প্রস্তুত করেছেন। সংগীতজ্ঞ আর্নল্ড্ বাকের নাম এ প্রসঙ্গে বিশেষভাবে স্মরণীয়।

তবে বিদেশে রবীন্দ্রসংগীত প্রধানত সুরলালিত্যের জন্য বাজনায় বিশেষ জনপ্রিয়। পৃথিবীর সকল দেশেই অর্কেস্ট্রা ও একক বাদ্যে রবীন্দ্রসংগীত সংখ্যাতীত-বার ব্যবহার হয়েছে। রবীন্দ্রসংগীতের স্বরলিপিও পৃথিবীর বহু দেশে প্রকাশিত হয়েছে। ১৯১৪ খৃষ্টাব্দে কয়েকটি রবীন্দ্রসংগীতের পাশ্চাত্য প্রথায় স্বরলিপি প্রকাশের সময় ফক্স্ স্ট্রাংগোয়ে রবীন্দ্রনাথের বৈশিষ্ট্য সম্পর্কে যে মন্তব্য করেছিলেন তা এখানে উল্লেখ করছি—

"In accordance with the best Indian tradition, he is a poet and musician in one. His poetry is beginning to speak for itself; even in a few scattered translations, it is possible to hear the voice of a man who thinks deeply and truly, who sees things as they really are, making invisible things as fluroscence does to optic, and touching them with tenderness and reverence. To hear him sing his poem is to realise the music in a way that is seldom given to a foreigner to do. The notes of the songs are no longer their mere selves, but the vehicle of a personality and as such, they go behind this or that system of music to that beauty of sound which all systems put out their hands to seize."

--*Music of Hindostan*, by Fox Strangway, p 91.

ইউরোপে রবীন্দ্রসংগীতের সর্বপ্রথম সুরকারদের অগ্রণী ব্রেজো (Guiolo Lozenzo Brezzo) ছ'খানি রবীন্দ্রসংগীতের স্বরলিপি প্রস্তুত করবার পর দৃষ্টিশক্তির

ক্ষীণতায় প্রায় অশক্ত হয়ে পড়েন। তবু তাঁর জীবনের সায়াহ্নে তাঁর ঈপ্সিত বারোখানি রবীন্দ্রসংগীতের স্বরলিপি পুস্তক আকারে প্রকাশ করে তার ভূমিকায় সবিনয়ে যে প্রার্থনা জানিয়েছেন তা প্রত্যেক রবীন্দ্রসংগীতানুরাগীর গর্বের বিষয়। তিনি বলেন : "I hope, I am not too bold if I ask you and all those who have loved Tagore to remember me"-- Twelve Songs from Rabindra Nath Tagore Set to Music By G.L. Brezzo.

রবীন্দ্রসংগীতের উপর এই সুগভীর শ্রদ্ধা কয়েকজন বিদেশীকে শান্তিনিকেতনে কবির সান্নিধ্যে নিয়ে আসে ; আর্নল্ড্ বাকে তাঁদের মধ্যে অন্যতম। তিনি ১৯২৫-২৯ সস্ত্রীক শান্তিনিকেতনে ছিলেন। কবি বাকে দম্পতিকে বিশেষ স্নেহ করতেন, বাকের পত্নীর নাম দিয়েছিলেন 'করুণা'। তাঁরা কবিকে এত শ্রদ্ধা করতেন—যে কবির সম্পর্কে সর্বদা 'গুরুদেব' শব্দটিই ব্যবহার করতেন। বাকে দিনেন্দ্রনাথ ঠাকুরের কাছে রবীন্দ্রসংগীতে শিক্ষালাভ করেন এবং কবির ২৬ খানি গানের সাবলীল অনুবাদ ও স্বরলিপি রচনা করেন। বাকে তাঁর শান্তিনিকেতনে রবীন্দ্রসংগীত চর্চার অভিজ্ঞতা বর্ণনায় বলেছেন—

"I think it was first through the Poet's songs that I realised the power of a melody to lift the words above their everyday meaning, a power to which the Poet himself referred when he said—

"My poems without their melodies
Are like butterflies without wings."

They also made me realise the difference between a melody conceived together with its accompaniment in the way of our composers during the last five or six centuries and a melody that exists in its own right, a creation of a complete and statisfying wholeness which an accompaniment, of whatever nature, can only spoil. The enjoyment of the beauty of the word remained but special intense satisfaction was added to it when one had absorbed the melody as well.

Naturally the intense enjoyment did not come to me before I had been working myself on the Poet's compositions for some years, under the guidance of the great nephew, the fine and sensitive musician Dinendra Nath Tagore, who was the guardian of all the Poet's countless melodies.

It was a great and inestimable privilege to be in such close contact with the Poet and his great nephew those three or four years in Santiniketan from 1925 onwards."

Tagore and His Songs
By A.A. Bake.
The Centenary Book of Tagore, pp 188.

বাকে দম্পতি লন্ডনে ফিরে সুদীর্ঘকাল রবীন্দ্রসংগীত চর্চায় নিযুক্ত ছিলেন। ১৯৬৩ খৃষ্টাব্দে বাকের মৃত্যু হয়। তিনি লন্ডনে থেকেও রবীন্দ্রচর্চায় নিমগ্ন থাকতেন তার চমৎকার বিবরণ দিয়েছেন লন্ডনে প্রয়াত অধ্যাপক ডঃ তারাপদ মুখোপাধ্যায়—

' "গীতাঞ্জলি'-র গানগুলি যখন তিনি সশ্রদ্ধ চিত্তে উদাত্ত কণ্ঠে গাইতেন তখন গানগুলি শুধু সুরের জালই সৃষ্টি করত না, গায়কের আন্তরিকতাকেও প্রকাশ করত। শ্রোতাদের মনে হোত তাঁরা কবিকণ্ঠের উচ্চারিত স্তবগান শুনছেন। প্রাচীন কালে আশ্রমতরুছায়ে বসে এমনি করেই এই একই বাণী ঋষিকণ্ঠে ধ্বনিত হয়ে উঠত, ভাষা-টুকুই যা পরিবর্তিত হয়েছে।"

—"রবীন্দ্রসংগীতের স্বরলিপিকার আরনল্ড বাকে", 'দেশ', ২ ফাল্গুন, ১৩৭০

বাকের মতো আর যে-সব বিদেশী রবীন্দ্রসংগীতানুরাগী শান্তিনিকেতনে এসে রবীন্দ্রসংগীতের স্বরলিপি রচনা করেছেন তাঁদের মধ্যে মিস্ ইমোজেন হোলজ্ এবং মিস ভিক্টোরিয়া কিংসলির নাম উল্লেখযোগ্য।

এ বিষয়ে লন্ডন থেকে প্রচারিত একটি সংবাদ এখানে উল্লেখ করি—

রবীন্দ্রসংগীতের ইংরাজি অনুবাদ

'পশ্চিমী স্বরলিপিসহ রবীন্দ্রনাথের কয়েকটি গানের অনুবাদ নূতন বৎসরের দিকে লন্ডনে প্রকাশিত হইবে। এই গানগুলি প্রকাশ করিবেন এডিনবোরা বিশ্ববিদ্যালয়ের মানবিক ভূগোলের লেকচারার ডাঃ আর্থার গেডিস, যাঁহার এক সময়ে শান্তিনিকেতনে কবির সান্নিধ্যলাভের সৌভাগ্য হইয়াছিল।

জনৈক সাংবাদিককে তিনি বলেন : 'রবীন্দ্রনাথের কয়েকটি শ্রেষ্ঠ গান আমি বাছিয়া লইয়াছি। এই গানগুলি অধিকাংশই নির্বাচিত হইয়াছে সংগীতপ্রধান নাটক "দি কিং অব দি ডার্ক চেম্বার" হইতে। তরুণ বয়সে অর্থাৎ ১৯২০-এর দশকে আমি শান্তিনিকেতনে যাই। আমি রবীন্দ্রনাথকে এই সময়ে বহুদিন গেলিক সংগীত বাজাইয়া শুনাই।' —'যুগান্তর', ২৭, ১২, ১৯৬১

সম্প্রতি শ্রীযুক্ত সুধীর চন্দ "রবীন্দ্রসংগীতের পাশ্চাত্য মূল্যায়ন" নামক একটি মূল্যবান প্রবন্ধে এজরা পাউন্ডের তাল ছন্দের জটিল বিশ্লেষণে দক্ষতার উল্লেখ করেছেন। চেকোশ্লোভাকিয়ার সুরকার লিও জানাসেক রবীন্দ্রনাথের কবিতাকে 'কয়ার মিউজিকে'র বৃন্দগানে পরিণত করেছিলেন সে কথাও বলেছেন। কলকাতায় বেলজীয়ান ধর্মযাজক ফাদার আঁতোয়ান ও ফাদার ফালোঁর অতুলনীয় রবীন্দ্রসংগীতানুরাগের কথাও বলেছেন।

'বিশ্ববীণা' পত্রিকা, ২১ বর্ষ। ১ সংখ্যা, (মে) ১৯৯১।

বাকের মতো রবীন্দ্রসান্নিধ্যলাভের সৌভাগ্য যাঁদের হয় নি, এমন-কি, যাঁরা রবীন্দ্রনাথের মূল বাংলা রচনা পড়তে বা বুঝতে পারতেন না, কেবল ইংরাজি অনুবাদের মাধ্যমেই রবীন্দ্ররচনায় মুগ্ধ তেমন কিছু বিদেশী শিল্পীর কণ্ঠে গীত রবীন্দ্রসংগীতের বিবরণ বিশ্বভারতীর প্রয়াত কর্মী শোভনলাল গঙ্গোপাধ্যায় আমায় দেখিয়েছিলেন। তালিকাটি এই—

Blind Girl, The (Music of) Tape record by
Kadas Gyorgy, Budapest

Don't go my love Dino Borgioli & Ivor Newton LB 24 (record)
অজ্ঞাত শিল্পী কণ্ঠে DA 790 ,,
" " E 504 ,,
Nancy Evans K 869 ,,

Jana-gana-mana (Variation) Tottenham Municipal Orchestra
Conducted by Harry Legge
Rapid Recording Service, London

King of the Dark Chamber Radio Drama (Tape)

Peace My Heart (Gardener LXI) Miss Alice Cave
Nebraska City

Post office , The (Gide's Version)
Radio Diffusion, Paris (Tape)

,, (Slovanic) Radio Drama (Tape)

Recitations from Tagore's Works -
Sybill Thorndike

Sannyasi (Japanese Version)
Recorded Tape

কবিকণ্ঠে দু'টি আবৃত্তির সূচনা

রবীন্দ্রনাথের 'শিশু' কাব্য হতে "বীরপুরুষ" এবং "লুকোচুরি" কবিতা দুটির কবিকণ্ঠে আবৃত্তি হিন্দুস্থান রেকর্ডে (H 342) প্রকাশিত হয়। দুটিরই সূচনায় কবি কয়েকটি কথা আগে বলে নিয়ে তার পরে মূল কবিতা আবৃত্তি করেন।

এই কথাগুলি রবীন্দ্ররচনা হিসাবে আগে কোথাও ছাপা হয়েছে বলে জানি না। মনে হয় 'কবিকণ্ঠ' গ্রন্থেই এই ক্ষুদ্র রচনা দুটি প্রথম মুদ্রিত হয়েছিল। এখানে তা তুলে দিচ্ছি।

ছোট্ট বীরপুরুষের কাহিনী

'অনেক বড়ো বড়ো বীরপুরুষের কাহিনী তো বলা হয়েছে। তারা যুদ্ধ করে মাকে উদ্ধার করেছে। আমি বলব একটি ছোট্ট বীরপুরুষ সে, এখনও বীরত্ব তার শুরু হয় নি। সে কল্পনা করছে বড়ো হলে সে মার জন্য লড়াই করবে এবং মাকে উদ্ধার করবে।'

লুকোচুরি

'এই ছেলেটার ভারি ইচ্ছে গেছে, লুকোচুরি খেলায় সে মাকে হারিয়ে দিয়ে তাকে জব্দ করবে। অনেক বার চেষ্টা করেছে ; কখনো খাটের তলায় লুকিয়েছে ; কখনো আলমারির পিছনে। একবার লুকিয়েছিল ঐ ধোবার ময়লা কাপড় দিচ্ছিল, সেই কাপড়ের বস্তার ভিতরে ঢুকে ভেবেছিল তাকে কেউ ধরতে পারবে না। সেবারেও সে ধরা পড়েছিল। তার মনে তাই দুঃখ ছিল। মনে মনে ভাবছে সে, 'যদি আমি চাঁপাফুল হয়ে চাঁপাগাছের ডালে ফুটে উঠতে পারি, মা তো তাহলে ধরতে পারবে না।' বসে বসে মাকে সেই মনের বাসনাটা সে শোনাচ্ছে। এই, ব্যাপারটা হলো এই।'

আরও কিছু রেকর্ডে কবিকণ্ঠ

অন্য দু-একটি রেকর্ড এবং ক্যাসেটেও রবীন্দ্রনাথের কণ্ঠ শোনা যায়। যেমন বাংলা সবাক চলচ্চিত্রের পঞ্চাশ বর্ষ উপলক্ষ্যে প্রকাশিত লং প্লে রেকর্ড 'সেদিন থেকে আজ' *(50 Years of Bengali Talkies ; A Golden Jubilee Presentation)*- ECLP 3422. একই রেকর্ডিং পরে ক্যাসেটেও বেরোয়। (6TC 02F 5184).

ঐ রেকর্ডিং-এর আর একটি উল্লেখযোগ্য বিষয়, ওতে নেতাজী সুভাষচন্দ্র বসুর কণ্ঠস্বরও আছে।

'বর্ষামঙ্গল' নামক রবীন্দ্রসংগীতের সংকলন রেকর্ড (EALP 1317) এবং ক্যাসেটে (STHV 24003) আছে কবিকণ্ঠে "আবির্ভাব" কবিতাটির কিয়দংশের আবৃত্তি। 'বসন্ত' নামক রবীন্দ্রসংগীতের আর একটি সংকলন রেকর্ডে (STHV 24127) আছে কবিকণ্ঠে "১৪০০ সাল" কবিতাটির কিয়দংশের আবৃত্তি। বলা বাহুল্য, এ সবই কবিকণ্ঠে ঐ সব আবৃত্তির রেকর্ডিং-এর অংশমাত্র। পূর্ণাঙ্গ রেকর্ডিং সৌভাগ্যবশত দুষ্প্রাপ্য হয় নি।

কবিকণ্ঠে দ্বৈত সংগীতের রেকর্ড

রবীন্দ্রনাথের গানের এত সুখ্যাতি, কিন্তু তা কি সবই একক সংগীত ? না, তাঁর দ্বৈতসংগীতের কথাও শোনা যায় এবং তা নাকি 'ভুলবার মত নয়'। সাহানা দেবীর

